বার্ষিক প্রতিবেদন

২০১৬-২০১৭

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

www.mole.gov.bd

ইমেইল ঃ info@mole.gov.bd

সূচীপত্র

	বিষয়	পৃষ্ঠা
১।	ভূমিকা	১
২।	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্দেশ্য ও কার্যাবলী	২
৩।	শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সাংগঠনিক কাঠামো ও অনুবিভাগ	২-৩
৪।	মন্ত্রণালয়ের উল্লেখযোগ্য কর্মকান্ড	৩-১৩
৫।	আইএলও কনভেনশন	১৪
৬।	মন্ত্রণালয়ের অধীনস্থ সংস্থাসমূহ ঃ	১৫
	(ক) কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর	১৬-২৫
	(খ) শ্রম পরিদপ্তর	২৬-৩৭
	(গ) শ্রম আপীল ট্রাইবুনাল ও শ্রম আদালত	৩৮
	(ঘ) নিম্নতম মজুরি বোর্ড	৩৯
	(ঙ) জাতীয় দক্ষতা উন্নয়ন পরিষদ (এনএসডিসি)	৪০-৪৫
	(চ) বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন	৪৬-৫৬
	(ছ) কেন্দ্রীয় তহবিল	৫৭-৫৯
৭।	মন্ত্রিপরিষদ বিভাগের নির্ধারিত ছকে মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ সালের প্রতিবেদন	৫৯-৭৪
৮।	APA Performance Evaluation Report- 2016-2017	৭৫-৮০
৯।	জাতীয় শুদ্ধাচার কৌশল	৮১-৮৫
১০।	অত্যন্ত ঝুঁকিপূর্ণ কাজের তালিকা	৮৭-৯১

ভূমিকা

দেশে শিল্প সম্পর্কের ক্ষেত্রে একটি সুশৃঙ্খল পরিবেশ সমুন্নত রাখা এবং কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচনের লক্ষ্যে দেশের জনগোষ্ঠিকে জনসম্পদে পরিণত করা শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের লক্ষ্য। শ্রমিক-মালিক সম্পর্ক উন্নয়ন ও সুষ্ঠু শিল্প সম্পর্ক বজায় রেখে উৎপাদনমুখী কর্মসংস্থান সৃষ্টি ও ব্যবসা বাণিজ্যের সম্প্রসারণের অনুকূল পরিবেশ তৈরীতে সহায়তা করার মাধ্যমে দারিদ্র বিমোচন, দেশের অদক্ষ জনগোষ্ঠিকে দক্ষ জনশক্তিতে পরিণত করার জন্য কারিগরি প্রশিক্ষণের ব্যবস্থা করা, দেশের শ্রম সেক্টরে সুষ্ঠু শ্রম ব্যবস্থাপনা নিশ্চিত করা, শিল্প ও কারখানাসমূহে উৎপাদন বৃদ্ধি অব্যাহত রাখার লক্ষ্যে সৌহার্দপূর্ণ পরিবেশ সৃষ্টি, শিল্প ও ব্যবসা বাণিজ্যে কমপ্লায়েন্স বাস্তবায়নসহ শ্রমিকদের আইনগত অধিকার নিশ্চিত করা, বিভিন্ন শ্রম এলাকায় শ্রম কল্যাণমূলক কার্যক্রমের ব্যবস্থা, শ্রম ও শিল্প সম্পর্কিত আইন, নীতি, বিধি ইত্যাদি প্রণয়ন, সংশোধন ও বাস্তবায়ন, শ্রম আদালতের মাধ্যমে শ্রম ক্ষেত্রে সুবিচার নিশ্চিত করা, শ্রমিকদের নূন্যতম মজুরী নির্ধারণ, বিভিন্ন দেশ ও আন্তর্জাতিক সংস্থাসহ আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) সাথে কার্যক্রমের সমন্বয় সাধন করা হচ্ছে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মৌলিক কাজ সমূহের অন্যতম।

একটি দেশের উন্নয়নে শ্রম সম্পর্কিত মন্ত্রণালয়ের ভূমিকা অনস্বীকার্য। বাস্তবতার কারণে উন্নত দেশগুলোসহ পৃথিবীর বিভিন্ন দেশে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় তথা শ্রম সম্পর্কিত মন্ত্রণালয় দেশ ও সরকারের জন্য একটি অতীব গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়। শিল্প ও ব্যবসা বাণিজ্যের ক্ষেত্রে আমাদের অনগ্রসরতা, প্রথাগত ধারণা সর্বোপরি দুরদর্শিতার অভাবে এ মন্ত্রণালয়ের গুরুত্ব যথাযথভাবে বিবেচিত হয়নি। বিগত মহাজোট সরকারের প্রধান দল বাংলাদেশ আওয়ামী লীগের নির্বাচনী ইশতেহার অনুযায়ী Vision-২০২১ এর আলোকে উচ্চতর প্রবৃদ্ধি অর্জনে সক্ষম একটি দ্রুত বিকাশমান অর্থনীতির ভিত্তি রচনা করে প্রিয় মাতৃভূমি বাংলাদেশকে ২০২১ এর মধ্যে মধ্যম আয়ের দেশে এবং ২০৪১-এ উন্নত দেশ গড়ার অঙ্গীকার বাস্তবায়নে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করছে। শ্রমজীবি মানুষের মৌলিক চাহিদা পূরণ, SDG এর লক্ষমাত্রা অনুযায়ী ২০৩০ সালের মধ্যে দারিদ্র বিমোচন, নারীর ক্ষমতায়ন, যুব সমাজের কর্মসংস্থান সৃষ্টি, শ্রম আইনের যুগোপযোগিকরণ, জাতীয় শ্রম নীতি পুনমূল্যায়ণ, নূন্যতম মজুরী পুননির্ধারণ, শিশু শ্রম নিরসন, নিরাপদ কর্মপরিবেশ সৃষ্টি, আন্তর্জাতিক পরিমন্ডলে অধিকতর সমন্বয় সাধন ও আস্থার পরিবেশ সৃষ্টি, শিল্প ও ব্যবসা বাণিজ্য সম্প্রসারণে সহায়ক ভূমিকা পালন ইত্যাদি চ্যালেঞ্জগুলো চিহ্নিত করে তা সমাধানের কর্মকৌশল হিসেবে এ মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে। ২০০৯ সালে জাতীর পিতা বঙ্গবন্ধুর কন্যা শেখ হাসিনা সরকার গঠনের পর থেকে ২০১৫ পর্যন্ত মোট ০৭ বছরে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সে সকল গুরুত্বপূর্ণ কাজ সম্পন্ন করেছে তার একটি সংক্ষিপ্ত সার সহ মন্ত্রণালয়ের সংক্ষিপ্ত পরিচিতি এ প্রতিবেদনে উপস্থাপন করা হয়েছে।

২.০.০ রূপকল্প (Vison)

শোভন (Decent) কর্মপরিবেশ এবং শ্রমিকদের উন্নত জীবনমান।

৩.০.০ অভিলক্ষ্য (Mission)

শিল্প প্রতিষ্ঠানে নিরাপদ কর্ম পরিবেশ সৃজন, শান্তিপূর্ণ শিল্প সম্পর্ক বজায় রাখা, শিশুশ্রম নিরসন এবং দক্ষ শ্রমশক্তি সৃষ্টির মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি।

৪.০.০ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

৪.০.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

ক. কারখানা ও প্রতিষ্ঠানে কর্মপরিবেশ উন্নয়ন এবং শ্রমিকদের কল্যাণ জোরদার করণ;
খ. শ্রম সম্পর্কিত কমপ্লায়েন্স উন্নয়ন; এবং
গ. দক্ষ শ্রমশক্তি সৃষ্টির মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি।

৫.০.০ কার্যাবলি (Functions)

১. শ্রমিকদের শিক্ষা, কল্যাণ সাধন ও সামাজিক নিরাপত্তা বিধান;
২. শ্রম প্রশাসন ও প্রশিক্ষণের মাধ্যমে প্রশিক্ষিত জনশক্তি তৈরি ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি;
৩. ট্রেড ইউনিয়ন নিবন্ধন, শিল্প ও শ্রম বিরোধ নিষ্পত্তি, ন্যূনতম মজুরী নির্ধারণ ও বাস্তবায়ন এবং শিল্প কারখানা নিবন্ধন।
৪. শ্রম আইন ও বিধি প্রণয়ন, প্রয়োগ এবং শিশুশ্রম নিরসন;
৫. শ্রম ও জনশক্তি ব্যবস্থাপনার ক্ষেত্রে আইএলওসহ অন্যান্য আন্তর্জাতিক সংস্থাসমূহের সাথে কাজ করা ও চুক্তি সম্পাদন;
৬. দেশে সরকারি ও বেসরকারি পর্যায়ে মানব সম্পদের দক্ষতা উন্নয়ন ও কর্মমুখী প্রশিক্ষণ কার্যক্রমের সমন্বয়;
৭. কারখানা ও প্রতিষ্ঠানে কমপ্লায়েন্স নিশ্চিতকরণ।
৮. শ্রম ও শিল্পকল্যাণ সম্পর্কিত জাতীয় নীতিমালা প্রণয়ন ।
৯. ব্যক্তিমালিকানাধীন বিভিন্ন শিল্প সেক্টরে মজুরি বোর্ড গঠন ও নিম্নতম মজুরি বাস্তবায়ন;
১০. শ্রম ও শিল্পকল্যাণ বিষয়ে বিভিন্ন মন্ত্রণালয় ও সংস্হার কার্যক্রমের সমন্বয় সাধন।
১১. শ্রম ও কর্মসংস্হান মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্হাসমূহের কার্যক্রম তদারকি ও নিয়ন্ত্রণ।

৬.০.০ সাংগঠনিক কাঠামো

৬.০.১ প্রশাসনিক কাঠামো অনুযায়ী শ্রম ও কর্মসংস্হান মন্ত্রণালয়ে একজন সচিবের অধীনে একজন অতিরিক্ত সচিব ও তিন জন যুগ্মসচিবের তত্ত্বাবধানে চারটি অনুবিভাগ রয়েছে ঃ

(১) প্রশাসন অনুবিভাগ (২) শ্রম অনুবিভাগ (৩) রপ্তানীমুখী শিল্প ও আন্তর্জাতিক সংস্থা অনুবিভাগ ও (৪) উন্নয়ন অনুবিভাগ।

৬.০.২ প্রশাসন অনুবিভাগ

প্রশাসন, প্রশিক্ষণ, বাজেট, সংস্থাপন, আইন ও আদালত, আইসিটি সেল, লাইব্রেরি ও হিসাব শাখা নিয়ে প্রশাসন অনুবিভাগ গঠিত। এর আওতায় রয়েছে মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর ও পরিদপ্তরসমূহের রাজস্ব ও উন্নয়ন বাজেটের অধীনে গৃহীত কার্যক্রমের আর্থিক ও প্রশাসনিক দিকসমূহ। প্রশাসন অনুবিভাগে রয়েছেন মোট ০৪

জন উপসচিব, ০১ জন সিস্টেম এনালিষ্ট, ০৮ জন সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব। এছাড়াও ০৩ জন যুগ্ম-সচিব ও ০২ জন উপসচিব সংযুক্তিতে কর্মরত আছেন।

৬.০.৩ **শ্রম অনুবিভাগ**

শ্রম বিষয়ক তিনটি অধিশাখা নিয়ে গঠিত শ্রম অনুবিভাগ। এ অনুবিভাগের আওতায় রয়েছে শ্রম পরিদপ্তর এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরসহ সকল অধীনস্থ সংস্থার প্রশাসন ও উন্নয়ন বহির্ভূত অন্যান্য বিষয়সমূহ যেমন শ্রম আইন ও বিধি সংক্রান্ত নীতিমালা, শিল্প সম্পর্ক, শ্রম কল্যাণ, আদালতসমূহের রায়/রিপোর্ট কার্যবিবরণী প্রকাশ, নিম্নতম মজুরী বোর্ড, শ্রম সংক্রান্ত পরিসংখ্যান/তথ্যাবলী সংরক্ষণ ও প্রকাশনা এবং এসব বিষয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সাথে নিবিড় যোগাযোগ রক্ষা করা। এছাড়া আন্তর্জাতিক শ্রম সংস্থা (ILO) এর সাথে কার্যকরী যোগাযোগ রক্ষাসহ এ সংক্রান্ত কার্যাবলী বাস্তবায়ন। শ্রম অনুবিভাগে রয়েছেন মোট ০৩ জন উপসচিব, ০৫ জন সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব।

৬.০.৪ **রপ্তানীমুখী শিল্প ও আন্তর্জাতিক সংস্থা অনুবিভাগ**

রপ্তানীমুখী শিল্প ও আন্তর্জাতিক সংস্থা এ দু'টি অধিশাখা নিয়ে এ অনুবিভাগ গঠিত। রপ্তানীমুখী শিল্প সংক্রান্ত জাতীয় ত্রিপক্ষীয় কর্মপরিকল্পনা বাস্তবায়ন, নারী শ্রমিকদের শ্রম, সামাজিক নিরাপত্তা, নিরাপদ কর্মপরিবেশ সংক্রান্ত কার্যক্রম, শিশুশ্রম নিরসনের লক্ষ্যে নীতি নির্ধারণ ও বাস্তবায়ন। আইএলও এর আন্তর্জাতিক এবং আঞ্চলিক শ্রম সম্মেলন সংক্রান্ত কার্যক্রম। আইএলও গভার্নিং বডির বিভিন্ন সভা সংক্রান্ত কার্যবলী, আইএলও এর অনুসমর্থন প্রক্রিয়াকরণ। ডিসেন্ট ওয়ার্ক লেবার স্ট্যান্ডার্ড, সোশ্যাল সিকিউরিটি, অকুপেশনাল সেইফটি এন্ড হেলথ, আনএমপ্লয়মেন্ট, সোশ্যাল ডায়লগ, বিভিন্ন জাতীয়/আন্তর্জাতিক সংস্থাসমূহের মিশন সংক্রান্ত কার্যক্রম। এ অনুবিভাগে রয়েছে ০১ জন যুগ্ম-সচিব, ০১ জন উপসচিব, ০১ জন উপ-প্রধান, ০১ জন সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব,০৫ জন সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান।

৬.০.৫ **উন্নয়ন অনুবিভাগ**

বাজেট, পরিকল্পনা ও কর্মসংস্থান এ নিয়ে উন্নয়ন অনুবিভাগ গঠিত। মন্ত্রণালয় এবং অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের বাজেট প্রণয়ন, বিতরণ, সংশোধন, অডিট আপত্তি নিষ্পত্তি কর্মকর্তা/কর্মচারীদের বেতন ও ভ্রমণ বিল প্রস্তুত, চেক সংগ্রহ ও বিতরণ, সিএও অফিসের সাথে যোগাযোগ। মন্ত্রণালয়ের পঞ্চম বার্ষিকী, মধ্য মেয়াদী ও বিশেষ উন্নয়ন পরিকল্পনা সংক্রান্ত নীতি নির্ধারণে সহায়তা, এনএসডিসি সচিবালয়ের কার্যক্রম তদারকি, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রসমূহের পর্যবেক্ষণ এবং নতুন নতুন কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনসহ প্রশিক্ষণের ব্যবস্থা করে কর্মসংস্থান সৃষ্টি করা। এ অনুবিভাগে রয়েছে ০১ জন যুগ্ম-সচিব, ০১ জন উপসচিব, ০১ জন উপ-প্রধান, ০২ জন সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব, ০৬ জন সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান।

৭.০.০ মন্ত্রণালয়ের উল্লেখযোগ্য কর্মকান্ড (২০১৬-২০১৭)

৭.০.১ **বাংলাদেশ শ্রম আইন নীতিমালা ও বাস্তবায়নঃ**

সংশোধিত শ্রম আইনের আলোকে দেশের ইতিহাসে প্রথমবারের মত প্রণীত বাংলাদেশ শ্রম বিধামালা ২০১৫ বাস্তবায়নের মাধ্যমে দেশের শ্রম পরিস্থিতি আরো সুসংহত করার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ বিধিমালার মাধ্যমে শ্রম আইন বাস্তবায়নে সরকারের দায়িত্ব, মালিকের দায়িত্ব এবং শ্রমিকদের দায়িত্ব সুনির্দিষ্ট করা হয়েছে। ফলে দেশের শ্রম পরিস্থিতি ধারাবাহিকভাবে উন্নততর হচ্ছে।

৭.০.২ **শ্রম আইন ২০০৬ সংশোধনঃ**

শ্রমজীবী মানুষের আইনানুগ অধিকার বাস্তবায়ন, কমপ্লায়েন্স ও পারস্পরিক সম্পর্কের আইনগতভিত্তি সুদৃঢ় করা, উৎপাদনশীলতা বৃদ্ধি, দক্ষতা উন্নয়ন ইত্যাদি চ্যালেঞ্জ মোকাবেলায় শ্রম আইন ২০০৬ সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আশা করা যায় শ্রম আইন সংশোধনের মাধ্যমে শিল্পের স্বার্থ রক্ষা করে শ্রমিকের অধিকার আদায় করা আরও সহজতর হবে।

শ্রম বিধিমালা-২০১৫ চূড়ান্তকরণ সভায় প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন এম.পি, নৌ-পরিবহন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব শাহজাহান খান এম.পি, তথ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব হাসানুল হক ইনু এম.পি, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণায়ের মাননীয় মন্ত্রী জনাব রাশেদ খান মেনন এম.পি, এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মুজিবুল হক, এম.পি

৩। **গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি, ২০১৫ প্রণয়নঃ** বাংলাদেশের গ্রামীণ বর্ধিষ্ণু পরিবার থেকে শুরু করে ক্রমপ্রসারমান নগর জীবনের পারিবারিক আবাসস্থল, মেস এবং ক্ষেত্রবিশেষে ডরমিটরি প্রভৃতি গৃহকর্মীদের কর্মসংস্থানের প্রধান ক্ষেত্র। শিক্ষা উপ-বৃত্তি এবং অবৈতনিক নারীশিক্ষার সরকারি কর্মসূচির কারণে শিশুদের গৃহকর্মী হিসেবে কাজে নিয়োজিত হওয়ার প্রবণতা সামগ্রিকভাবে হ্রাস পেলেও দারিদ্র্য-পীড়িত বিশেষ বিশেষ এলাকা (Poverty pocket) থেকে শিশুদের গৃহকর্মে নিয়োজিত হওয়ার লক্ষ্যে শহরে আসার প্রবণতা অব্যাহত আছে। অন্যদিকে, সাধারণত নগরবাসী মানুষের গৃহের সার্বিক নিরাপত্তা এবং গৃহকর্তা ও গৃহের সদস্যদের প্রতি ইপ্সিত আনুগত্যের বিবেচনায় নারী গৃহকর্মীদের অধিকতর সুবিধাজনক বিবেচনা করার ফলে সার্বক্ষণিক গৃহকর্মী হিসেবে নারী গৃহকর্মী বিশেষত কিশোরী বা শিশু গৃহকর্মী নিয়োগের প্রতি অগ্রাধিকার প্রদানের প্রবণতাও লক্ষ্যণীয়। আনুগত্যপ্রাপ্তির এ মানসিকতার মাঝে বিকৃতিও লক্ষ্য করা যায় যা গৃহকর্মীদের উপর নির্যাতনের মধ্য দিয়ে প্রকাশিত হয়ে থাকে। নির্যাতনের ফলে মৃত্যু বা হত্যা কিংবা আত্মহত্যার মতো কোন কোন ঘটনা সংবাদ মাধ্যমে প্রকাশিত হয়ে সংবেদনশীল মানব সমাজকে চরমভাবে বেদনাবিদ্ধ করে। দেশের আর্থ-সামাজিক প্রেক্ষিত বিবেচনায় সরকার গৃহকর্মীদের জন্য পর্যায়ক্রমে আইনী কাঠামো তৈরীতে প্রতিশ্রুতবদ্ধ। এ প্রেক্ষাপটে গৃহকর্মে নিযুক্ত বিপুল জনগোষ্ঠির সুরক্ষা ও কল্যাণার্থে পুর্ণাঙ্গ আইন প্রণয়নের প্রাথমিক ধাপ হিসেবে গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতি, ২০১৫ প্রনয়ন করা হয়েছে এবং গত ৪ জানুয়ারি,২০১৬ তারিখে বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয়েছে। এ নীতি গৃহকর্মে নিয়োজিত কর্মীদের কাজের শর্ত ও

নিরাপত্তা, শোভন কর্মপরিবেশ, মজুরি ও কল্যাণ নিশ্চিত করা, নিয়োগকারী ও গৃহকর্মীদের মধ্যে সুসম্পর্ক সমুন্নত রাখা এবং কোন অসন্তোষ সৃষ্টি হলে তা নিরসনে দিকনির্দেশনা প্রদান করবে। একই সাথে এ নীতি সংবিধানে বিধৃত সমঅধিকার এবং সকল নাগরিকের মৌলিক মানবাধিকার নিশ্চিতকরণের মূলনীতি বাস্তবায়নের জন্য সহায়ক হবে।

গৃহকর্মী সুরক্ষা ও কল্যাণ নীতিমালা-২০১৫ এর উপর আলোচনা

৪। **ঝুঁকিপূর্ণ কাজ হতে শিশু শ্রম নিরসন সংক্রান্ত কার্যক্রমঃ** শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাধ্যমে গৃহীত "বাংলাদেশে ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুশ্রম নিরসন" শীর্ষক প্রকল্পের ৪র্থ পর্যায়ে মোট ২ লক্ষ শিশুকে ২০২২ সালের মধ্যে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের মাধ্যমে কর্মক্ষম করে গড়ে তোলার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়া জেলা পর্যায়ে শিশুশ্রম পরিস্থিতির তথ্য সংগ্রহ, শিশুশ্রম নিরসনের লক্ষ্যে স্থানীয় সংসদ সদস্যকে উপদেষ্টা ও জেলা প্রশাসককে সভাপতি করে "জেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি" (DCLMC) গঠন করা হয়েছে। আশা করা যায় শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাধ্যমে গৃহীত বিভিন্ন পদক্ষেপ গ্রহণের ফলে দেশ থেকে শিশুশ্রম নিরসন হবে।

৫। **ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ গঠনঃ** জাতীয় অর্থনীতিতে গার্মেন্টস শিল্প সেক্টরের গুরুত্বের বিষয় বিবেচনা করে মালিক ও শ্রমিকদের মধ্যে সুসম্পর্ক স্থাপন ও সম্পর্ক উন্নয়ন এবং উৎপাদনশীলতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পদক্ষেপ ও ব্যবস্থা গ্রহণ করতে সরকারকে পরামর্শ প্রদানের জন্য জাতীয় পর্যায়ে ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদের আওতায় আরএমজি সেক্টরের জন্য একটি স্বতন্ত্র ত্রিপক্ষীয় পরামর্শ পরিষদ গঠন করা হয়েছে। যা গত ১২ মার্চ, ২০১৭ তারিখে গেজেটে আকারে প্রকাশিত হয়েছে।

৬। **শ্রমিকদের নিরাপত্তায় সেইফটি কমিটি ঃ** সংশোধিত শ্রম আইনের ৯০ (ক) ধারার বিধান মোতাবেক পঞ্চাশ বা তদুর্ধ্ব সংখ্যক শ্রমিক নিয়োজিত আছেন এমন প্রত্যেক কলকারখানায় সেইফটি কমিটি গঠনের বিধান রাখা হয়েছে। গঠিত কমিটি কারখানা বা শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকসহ সকলের পেশাগত স্বাস্থ্য সেইফটি বিষয়ে আইন ও প্রচলিত বিধি বিধান বাস্তবায়ন প্রক্রিয়ায় সংশ্লিষ্ট মালিক বা কর্তৃপক্ষকে সহযোগিতা করছে। ফলে শ্রমিকদের স্বাস্থ্যসেবা সুরক্ষিত হচ্ছে।

সেফটি কমিটি মেম্বার্স ট্রেনিং প্রোগ্রাম

৭। **অগ্নি ও ভবন নিরাপত্তা বিষয়ক কার্যক্রমঃ** তাজরিন ফ্যাশন এবং রানা প্লাজার মর্মান্তিক দুর্ঘটনার পর তৈরি পোশাক শিল্পের ভবন, অগ্নি ও বৈদ্যুতিক নিরাপত্তা নিশ্চিতে সরকার, মালিক, শ্রমিকপক্ষসহ আন্তর্জাতিক ও দেশীয় বিভিন্ন সংগঠন কাজ শুরু করে। গৃহীত হয় জাতীয় ত্রিপক্ষীয় কর্মপরিকল্পনা (National Tripartite Plan of Action)। জাতীয় উদ্যোগের পাশাপাশি ইউরোপীয় ক্রেতা জোট সংস্থা (Accord on Fire and Building Safety) এবং উত্তর আমেরিকান ক্রেতা জোট সংস্থা (Alliance for Bangladesh Safety) পোশাক শিল্প কারখানা ভবনের কাঠামোগত, অগ্নি ও বৈদ্যুতিক নিরাপত্তা মূল্যায়নের কাজ করেছে। জাতীয় ত্রিপক্ষীয় কর্মপরিকল্পনা (National Tripartite Plan of Action) এর আওতায় পরিচালিত প্রাথমিক মূল্যায়ন (assessment) কার্যক্রমের স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রাথমিক মূল্যায়ন এর প্রতিবেদনের সার সংক্ষেপ(assessment) ওয়েবসাইট (www.dife.gov.bd)-এ নিয়মিত আপলোড করা হয়। এতে সমগ্র পৃথিবীর সংশ্লিষ্ট ক্রেতা গোষ্ঠী বাংলাদেশের পোশাক কারখানার ভবনসমূহের নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে ধারণা লাভ করতে পারে।

ACCORD এর বোর্ড অব ডাইরেক্টরের সাথে মাননীয় শ্রম প্রতিমন্ত্রী জনাব মোঃ মুজিবুল হক, এম.পি।

৮। Better Work Programmeঃ ILO এর সহায়তায় তৈরী পোশাক শিল্পে Better Work Programme বাস্তবায়িত হচ্ছে। এ Programme এর আওতায় ৩০ জুন, ২০১৭ পর্যন্ত ১৩৪টি কলকারখানা নিবন্ধন করা হয়েছে এবং সেখানে ২,৮০,২৫৪ জন শ্রমিক কর্মরত আছে, এর মধ্যে ৫৬% নারী শ্রমিক। এছাড়া ৩৪ টি আন্তর্জাতিক বায়ার পার্টনার এর মধ্যে ১৫টি সক্রিয়ভাবে BWB এর কার্যক্রমকে সহায়তা করছে। এ কার্যক্রমের আওতায় এ পর্যন্ত ১০৯০টি এ্যাডভাইজারি ভিজিট সম্পন্ন হয়েছে এবং জুন, ২০১৭ পর্যন্ত ৩,৭০৮ জন বিভিন্ন প্রশিক্ষণ ও সেমিনারে অংশগ্রহণ করেছে। ৩৯টি শিল্প বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে যেখানে ৬২৮ জন মধ্য ও উর্ধ্বতন পর্যায়ের কারখানা ব্যবস্থাপনা কর্মকর্তা (Factory management officials) অংশগ্রহণ করেছেন। ১৩টি কারখানার জন্য "Managing people" শীর্ষক প্রশিক্ষণের আয়োজন করা হয় যেখানে ৫৬ জন মধ্য পর্যায়ের ম্যানেজমেন্ট স্টাফ অংশগ্রহণ করে। এছাড়া "যৌন নির্যাতন প্রতিরোধ" বিষয়ক প্রশিক্ষনের ৮১৬ জন শ্রমিক ও স্টাফ অংশগ্রহণ করে। "Work Place Co-operation" বিষয়ে ৭৮৩ জন স্টাফ প্রশিক্ষণ গ্রহণ করে যার মধ্যে ৩১৬ জন মহিলা।

৯। **ডিজিটাল কার্যক্রমঃ** বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশের আওতায় শ্রম পরিদপ্তরের ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের লাইসেন্স প্রদান ও নবায়ন সংক্রান্ত অন-লাইন কার্যক্রম চালু করা হয়েছে। এর ফলে একদিকে যেমন ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন এবং লাইসেন্স প্রদান ও নবায়ন সংক্রান্ত কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত হবে অন্যদিকে কাজের গতিশীলতা বাড়বে এবং সময়ের অপচয় কমবে।

০৯.০১। বাস্তবায়নাধীন ডিজিটাল কার্যক্রমঃ

- **অনলাইন বেইজড আইসিটি সলিউশনঃ** মন্ত্রণালয়ের সকল কম্পিউটার হার্ডওয়্যার, ই-ফাইলিং এবং ব্যবহৃত সকল সফটওয়্যার সম্পর্কৃত যেকোন সমস্যা দ্রুত অবহিত করা এবং সমাধানের ব্যবস্থা করা যাবে। এ মন্ত্রণালয়ের সকল কর্মচারী এই সেবাটি গ্রহণ করতে পারবে।
- **শ্রম ই-লাইব্রেরীঃ** শ্রম সম্পর্কিত যেকোন প্রকাশনা প্রয়োজন অনুযায়ী যেকোন সময় যেকোন স্থান থেকে সংশ্লিষ্ট ব্যক্তি সহজে ব্যবহার করতে পারবেন। বই সংগ্রহ ও বহনের সমস্যা দূরীভূত হবে। সেবাটি চালুর প্রক্রিয়াধীন আছে।
- **নারী প্রজেক্ট PMISঃ** Northern Areas Reduction of Poverty Initiatives (NARI) প্রকল্পের সার্বিক মনিটরিং ও ইভেলুয়েশন তথ্য ব্যবস্থাপনার জন্য ওয়েব বেইজড Project Management Information System (PMIS) তৈরী করা হয়েছে।
- **ডিজিটাল হাজিরাঃ** শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ডিজিটাল হাজিরা চালু প্রক্রিয়াধীন আছে। ডিজিটাল হাজিরা চালু হলে এর মাধ্যমে মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীগণ তাদের দৈনিক আগমন ও প্রস্থানের হাজিরা ডিজিটাল পদ্ধতিতে দিতে পারবেন।
- **বাজেট ডাটাবেজ এবং পরিকল্পিত উপায়ে বাজেটের ব্যবহারঃ** বাজেট ডাটাবেজ ব্যবহার ও কার্যকর প্রকিউরমেন্ট প্লান প্রয়োগের মাধ্যমে সরকারী অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ।
- **ব্যক্তিগত তথ্য ব্যবস্থাপনা পদ্ধতি (PIMS)ঃ** শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের জন্য একটি PIMS Software তৈরী প্রক্রিয়াধীন আছে। PIMS Software তৈরী সম্পন্ন হলে মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীর বিভিন্ন তথ্যসমূহ যেমনঃ ব্যক্তিগত তথ্য, ছুটির বিবরণ, মাসিক বেতন বিলসহ অন্যান্য প্রয়োজনীয় সকল তথ্য দ্রুত পাওয়া যাবে। এর ফলে প্রশাসন ও হিসাব শাখার কাজে গতিশীলতা আসবে।

১০। **গার্মেন্টস সেক্টরে কর্মরত শ্রমিকদের জন্য ডরমিটরী নির্মাণঃ** গার্মেন্টস সেক্টরে কর্মরত নারী শ্রমিকদের আবাসন সমস্যা নিরসনের জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক চট্টগ্রামের বালুরঘাটে ও নারায়ণগঞ্জের বন্দরে ২টি ২,০০০ শয্যা বিশিষ্ট ডরমিটরী নির্মাণের নির্মানের জন্য একটি প্রকল্প অনুমোদনের কার্যক্রম চলমান রয়েছে।

১১। **পিপিপি এর আওতায় ২টি বিশেষায়িত হাসপাতাল নির্মাণঃ** শ্রমিকদের পেশাগত রোগের চিকিৎসার জন্য অর্থনৈতিক বিষয়ক মন্ত্রিসভা কমিটির অনুমোদনক্রমে পিপিপি এর আওতায় নারায়ণগঞ্জ ও টংগীতে ২টি বিশেষায়িত হাসপাতাল নির্মাণের কার্যক্রম চলমান রয়েছে। ইতোমধ্যে পরামর্শক নিয়োগ কাযর্ক্রম সম্পন্ন হয়েছে।

১২। **জাতীয় মজুরি ও উৎপাদনশীলতা কমিশন-২০১৫ ঃ** সরকার কর্তৃক জাতীয় বেতন কাঠামো ২০১৫ ঘোষণার পর শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক উপস্থাপিত রাষ্ট্রায়ত্ত শিল্প প্রতিষ্ঠানের শ্রমিকদের মজুরি কাঠামো নির্ধারণের জন্য "জাতীয় মজুরি ও উৎপাদনশীলতা-২০১৫" গঠন করে। কমিশন গত মার্চ, ২০১৭ তারিখে সুপারিশ চূড়ান্ত করে প্রতিবেদন মাননীয় প্রধানমন্ত্রীর নিকট অবগতির জন্য উপস্থাপন করে। সর্বশেষ ৪ জুলাই, ২০১৭ তারিখে কমিশন কর্তৃক চূড়ান্তকৃত সুপারিশের বিষয়ে মতামতের জন্য প্রতিবেদন অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। অর্থ বিভাগ হতে মতামত পাওয়ার পর অন্যান্য আনুষ্ঠানিকতা শেষে মজুরি কাঠামো ঘোষণা করা হবে।

১৩। **Northern Areas Reduction of Poverty Initiatives (NARI) শীর্ষক প্রকল্পঃ** উত্তরবঙ্গের দারিদ্রপীড়িত এলাকার মহিলা জনগোষ্ঠীকে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে RMG সেক্টরে কর্মসংস্থানের লক্ষ্যে বিশ্বব্যাংকের অর্থায়নে প্রায় ৩২৬ কোটি (তিনশত ছাব্বিশ কোটি) টাকা প্রাক্কলিত ব্যয়ে Northern Areas Reduction of Poverty Initiatives (NARI) শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে দেশের ৩টি এলাকায় (ঢাকা, চট্রগ্রাম, ঈশ্বরদি) ডরমেটরি ও ট্রেনিং সেন্টার গড়ে তোলে দেশের উত্তরবঙ্গের দারিদ্রপীড়িত এলাকার ১০,৬০০ (দশ হাজার ছয়শত) জন যুব মহিলাকে গার্মেন্টস ট্রেডে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান

উপযোগী করে গড়ে তোলা হবে। ২০১২-২০১৮ সাল মেয়াদকালে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। ইতোমধ্যে প্রকল্পের ভৌত অবকাঠামো নির্মাণের কাজ শেষ হয়েছে। প্রশিক্ষণ শুরু হয়েছে। ৩২৪.৩৪ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ৫ বছর মেয়াদী "Northern Areas Reduction of Poverty Initiatives " (NARI) শীর্ষক প্রকল্পের মাধ্যমে উত্তরবঙ্গের লালমনির হাট, রংপুর , কুড়িগ্রাম , নীলফামারী এবং গাইবান্ধা এই ৫টি জেলার মোট ১০,৮০০ জন দরিদ্র মহিলাকে গার্মেন্টস সেক্টরে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

উত্তরাঞ্চলের নারীদের দারিদ্র্য বিমোচন উদ্যোগ প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রমের সূচনা

১৪। **নারী ও শিশুশ্রম শাখাঃ** Urban Informal Economy (UIE) programme of the project of support to the time bound programme towards the elimination of worst forms of child labour in Bangladesh শীর্ষক প্রকল্পের আওতায় ২০০৯ সালে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীনে শ্রম উইং এর তত্ত্বাবধানে চাইল্ড লেবার ইউনিট (সিএলইউ) প্রতিষ্ঠা করা হয়েছিল। পরবর্তীতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের রাজস্ব খাতে নারী ও শিশুশ্রম শাখা প্রতিষ্ঠা করা হয়েছে। দেশে শিশুশ্রম নিরসন সংক্রান্ত সকল নীতি ও কার্যক্রম পরিকল্পিত ও সমন্বিতভাবে সম্পাদনের ক্ষেত্রে এ শাখা অনুঘটকের দায়িত্ব পালন করছে। এছাড়া (১) জাতীয় শিশুশ্রম কল্যাণ কাউন্সিল (NCLWC), (২) বিভাগীয় শিশু শ্রম কল্যাণ কাউন্সিল (DCLWC), (৩) জেলা শিশু অধিকার পরিবীক্ষণ ফোরাম (DCRMF), (৪) উপজেলা শিশুশ্রম পরিবীক্ষণ কমিটি (UCLMC) এর কাজ এ শাখার মাধ্যমে পরিবীক্ষণ করা হচ্ছে।

১৫। **সমীক্ষা কার্যক্রমঃ** বাংলাদেশে ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুশ্রম নিরসনের জন্য way out নির্ধারণের লক্ষ্যে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও খুলনা এ ৪টি বিভাগীয় শহরে অতি ঝুঁকিপূর্ণ ৪টি বিষয়ের উপর ২০১৬-১৭ অর্থ বছরে একটি সমীক্ষা কার্যক্রম পরিচালনা করা হয়েছে। এ সমীক্ষা পরিচালনার ফলে ঝুঁকিপূণ কাজ হতে শিশুশ্রম নিরসনের কৌশল প্রণয়ন সহজতর হবে। এছাড়া ২০১৭-১৮ অর্থ বছরে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী , খুলনা , সিলেট , রংপুর , বরিশাল ও ময়মনসিংহের বিভাগীয় শহরে ঝুঁকিপূর্ণ শিশুশ্রমের উপর সমীক্ষার কার্যক্রম পরিচালনা করা হবে।

১৬। শিশুশ্রমের পরিসংখ্যান:

বাংলাদেশের শিশু-কিশোরদের উল্লেখযোগ্য অংশ এখনও ঝুঁকিপূর্ণ শ্রমে নিয়োজিত। কৃষি ও অপ্রাতিষ্ঠানিক/অনানুষ্ঠানিক খাতে শিশুদের শ্রমে নিয়োগের হার অনেক বেশী। আইএলও-এর সহায়তায় বিবিএস কর্তৃক শিশুশ্রম সংক্রান্ত তথ্য হালনাগাদ করণের কাজ সমাপ্ত হয়েছে। বাংলাদেশে পরিসংখ্যান ব্যুরোর ২০১৩ সালের শিশুশ্রম সমীক্ষা অনুযায়ী দেশে শ্রমে নিয়োজিত শিশুর সংখ্যা ৩.৪ মিলিয়ন এবং তাদের মধ্যে ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত ১.২ মিলিয়ন।

বিশ্ব শিশু শ্রম প্রতিরোধ দিবস'২০১৫ এর জাতীয় সেমিনার।

১৭। জার্মান সরকারের সাথে সহযোগিতা চুক্তিঃ-

কর্মসংস্থানে দূর্ঘটনা বীমা ব্যবস্থায় একটি আইনি কাঠামো স্থাপনে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সাথে জার্মান সরকার, ILO এবং বাংলাদেশ সরকারের মধ্যে বিগত ০৬/১০/২০১৫ তারিখ একটি Letter of Intent স্বাক্ষরিত হয়। চুক্তির আলোকে ২০১৫-১৬ অর্থ বছরে দুইটি ব্যাচে সরকার পক্ষের ১৬ জন, মালিক পক্ষের ১৬ জন এবং শ্রমিক পক্ষের ১৬ জন জার্মানীতে সামাজিক সংলাপ, কর্মক্ষেত্রে নিরাপত্তা, চিকিৎসা এবং দূর্ঘটনা বীমার উপর জার্মান সরকারের আর্থিক সহায়তার প্রশিক্ষণ গ্রহণ করেছে। আরো প্রশিক্ষণের কার্যক্রম প্রক্রিয়াধীন আছে।

জার্মানী, আইএলও ও শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের মধ্যে চুক্তি স্বাক্ষর

জার্মান সরকারের সহায়তায় কর্মক্ষেত্রে সুস্থ সামাজিক সংলাপ, কর্মক্ষেত্রে নিরাপত্তা, চিকিৎসা, দুর্ঘটনা বীমা এবং পূর্ণবাসনের জন্য '' Employment Injury Protection and Rehabilitation Project" শীর্ষক নামে একটি প্রকল্প GIZ এর মাধ্যমে প্রণয়নের কার্যক্রম চলছে। তাছাড়া, জার্মান সরকারের সহায়তায় কলকারখানা ও শ্রমিকের স্বার্থে শ্রম সংক্রান্ত প্রচলিত আইন ও বিধিমালার টেকসই পরিবর্তন ও আধুনিকায়ন করার লক্ষ্যে ILO কর্তৃক "Implementation of the National Employment Injury Insurance Scheme of Bangladesh" শীর্ষক প্রকল্প প্রণয়নের কার্যক্রম চলছে।

১৮। Promoting Social Dialogue and Harmonious Industrial Relations in Bangladesh RMG Industry শীর্ষক প্রকল্প বাস্তবায়ন :

প্রকল্পটি সুইডেন ও ডেনমার্ক সরকারের ৬৬ কোটি টাকা অর্থায়নে আইএলও এর কারিগরী সহায়তায় এপ্রিল ২০১৬ থেকে মার্চ ২০২১ পর্যন্ত বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। প্রকল্পটির মূল উদ্দেশ্য হল তৈরী পোষাকশিল্পের মালিক ও শ্রমিকের মধ্যে সংলাপ-প্রক্রিয়ার প্রসার এবং সম্পর্ক উন্নয়নের মাধ্যমে শিল্প-বিরোধ প্রতিরোধ এবং সালিশ ও মধ্যস্ততা কার্যক্রমকে আরও গ্রহণযোগ্য, নির্ভরযোগ্য ও স্বচ্ছ করা। প্রকল্পের সুনির্দিষ্ট উদ্দেশ্যসমূহ হলঃ (১) সামাজিক সংলাপ, কর্মক্ষেত্রে সহযোগিতা এবং বিরোধ নিষ্পত্তির টেকসই উন্নয়ন; (২) সালিশ ও মধ্যস্ততার টেকসই ও কার্যকর পদ্ধতি প্রতিষ্ঠা; (৩) লিঙ্গ-সমতার বিষয়ে সজাগ থাকাসহ সামাজিক সংলাপ এবং বিরোধ-নিরোধ ও নিষ্পত্তির লক্ষ্যে মালিক ও শ্রমিক সংগঠনের সক্ষমতা বৃদ্ধি। এ প্রকল্পটি বাস্তবায়নের উদ্দেশ্যে ইতোমধ্যে প্রকল্প দলিল স্বাক্ষরিত হয়েছে।

১৯। **শ্রম ভবন নির্মাণ প্রকল্পঃ** ঢাকাস্থ বিজয় নগর এলাকায় ২০ শতাংশ জমির উপর একটি ২৫ তলা "শ্রম ভবন" নির্মাণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় প্রায় ৬৩ কোটি টাকা। ইতোমধ্যে ভবন নির্মাণের পাইলিং, ম্যাট ফাউন্ডেশন ঢালাই, ৩য় বেইসমেন্ট রুফ স্লাব ঢালাই, ৫ম তলা পর্যন্ত ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। বর্তমানে গ্রাউন্ড ফ্লোর কাস্টিং এর উদ্দেশ্যে কলাম ওয়াল, শেয়ার ওয়াল, রিটিইনিং ওয়াল ব্যাম্প সেন্ট ফিলিং এবং ফিনিশিং প্লাস্টার কাজ চলমান আছে।

"শ্রম ভবন নির্মাণ" প্রকল্পের কাজ পরিদর্শন করছেন মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মুজিবুল হক এম.পি
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

২০। **কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর আধুনিকায়ন ও শক্তিশালীকরণ এবং ০৯টি জেলা কার্যালয় স্থাপন প্রকল্পঃ** এই প্রকল্পের মাধ্যমে উন্নীতকৃত কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ০৯টি জেলায় কার্যালয় স্থাপনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে গাজীপুর জেলা কার্যালয় ভবন নির্মাণ সম্পন্ন হয়েছে। নারায়নগঞ্জ, কুমিল্লা, ফরিদপুর, কুষ্টিয়া, বরিশাল, মৌলভীবাজার, ময়মনসিংহ ও রংপুর জেলা কার্যালয় ভবন নির্মাণ কাজ চলমান রয়েছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় প্রায় ৭২ কোটি ৫০ লক্ষ টাকা।

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের গাজীপুর জেলা কার্যালয়ে উদ্বোধন অনুষ্ঠানে মাননীয় প্রতিমন্ত্রী জনাব মোঃ মুজিবুল হক, এম.পি

২১। **চেইঞ্জিং জেন্ডার নর্মস অব গার্মেন্টস এমপ্লয়ীজ প্রকল্পঃ** এ প্রকল্পের মাধ্যমে গার্মেন্টস শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীর জেন্ডার সচেতনতা বৃদ্ধি, মিডলেভেল ম্যানেজমেন্ট এর জন্য প্রশিক্ষণ, বিজিএমইএ ও সংশ্লিষ্ট

কারখানার স্বাস্থ্য সেবা প্রদানকারী ডাক্তার, নার্স ও ফার্মাসিস্ট প্রমুখের জন্য প্রশিক্ষণ, প্রশিক্ষণ মডিউল তৈরী ইত্যাদি কাজ সম্পন্ন হয়েছে। সমাপ্ত প্রকল্পের মেয়াদ কাল ডিসেম্বর ২০১৬। এ প্রকল্পের মাধ্যমে ৪০টি কারখানায় ৭০০টি ব্যাচে সর্বমোট ৩৫,০০০ জন গার্মেন্টস শ্রমিক ও কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়নে মোট ব্যয় ০৫ কোটি ২০ লক্ষ টাকা।

২২। Improving Labour Law Compliance and Building Sound Labour Practices in the Export Oriented Shrimp Sector in Bangladesh শীর্ষক প্রকল্পঃ বাংলাদেশের চিংড়ি প্রক্রিয়াজাতকরণ শিল্পে বাংলাদেশ শ্রম আইন ও আর্ন্তজাতিক শ্রম মান অনুশীলনে সরকার, শিল্প মালিক ও শ্রমিকদের সহযোগিতা করার জন্য USAID আর্থিক সহায়তায় ৮০৯ লক্ষ টাকা ব্যয়ে ২০১৪ থেকে জুন, ২০১৬ মেয়াদে একটি প্রকল্প বাস্তবায়ন করা হয়েছে।

২৩। Country Level Engagement and Assistance to Reduce Child Labour (CLER) শীর্ষক প্রকল্পঃ শিশুশ্রম নিরসনে জাতীয় কর্মপরিকল্পনা বাস্তবায়নে USDOL এর অর্থায়নে Global প্রকল্পের আওতায় আইএলও-এর কারিগরি সহায়তায় CLEAR প্রকল্পের মাধ্যমে শিশুশ্রম নিরসন সম্পর্কিত বিভিন্ন কমিটির কার্যক্রমের মাধ্যমে সামাজিক সচেতনতা বৃদ্ধি কার্যক্রম অব্যাহত রয়েছে।

২৪। Improving Working Conditions in the Ready-Made Garment Sector in Bangladesh শীর্ষক প্রকল্পঃ ILO এর সহায়তায় শ্রমিক, মালিক ও শ্রম মন্ত্রণালয়ের যৌথ স্বাক্ষরে তৈরী পোশাক শিল্পে অগ্নি-নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে উক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী National Tripartite Plan of Action on Fire Safety and Structural Integrety in the Ready-Made Garment sector in Bangladesh গৃহীত হয়েছে। উপরোক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ILO ২৪.৫ মিলিয়ন মার্কিন ডলারের Improving Working Conditions in the Ready-Made Garment Sector in Bangladesh শীর্ষক একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে উক্ত প্রকল্পের অধীনে সরকার, BUET, ACCORD ও ALLIANCE এর মাধ্যমে সর্বমোট ৩৭৮০ গার্মেন্টস কারখানা সরেজমিনে মূল্যায়ন করা হয়েছে।

ILO CONVENTIONS RATIFIED BY BANGLADESH

Sl. No.	Title of the Convention (Year, No.)	Date of Ratification
1.	Hours of works (Industry) Convention, 1919 (No.1)	22.06.1972
2.	Night Work(Women) Convention, 1919 (No. 4)	22.06.1972
3.	Night work of Young Persons (Industry) Convention, 1919 (No.6)	22.06.1972
4.	Right of Association (Agriculture) Convention,1921 (No.11)	22.06.1972
5.	Weekly Rest (Industry) Convention, 1919 (No.14)	22.06.1972
6.	Minimum Age (Trimmers & Stokers) Convention, 1921 (No.15)	22.06.1972
7.	Medical Exam. of Young Persons (sea) Convention, 1921 (No.16)	22.06.1972
8.	Workmen's Compensation (Occupational Diseases) Convention, 1925 (No.18)	22.06.1972
9.	Equality of Treatment (Accident Compensation) Convention,1925 (No.19)	22.06.1972
10.	Inspection of Emigrants Convention, 1926 (No.21)	22.06.1972
11.	Seamen's Articles of Agreement Convention, 1926 (No.22)	22.06.1972
12.	Marking of Weight (Packages Transported by vessels) Convention, 1929 (No.27)	22.06.1972
13.	* Forced Labour Convention, 1930 (No.29)	22.06.1972
14.	Protection Against Accident (Dockers) (revised) Convention, 1932 (No.32)	22.06.1972
15.	Underground work (women) Convention, 1935 (No.45)	22.06.1972
16.	Minimum Age(Industry) (revised) Convention, 1937 (No.59)	22.06.1972
17.	Final Articles Revision Convention, 1946 (No.80)	22.06.1972
18.	Labour Inspection Convention, 1947 (No.81)	22.06.1972
19.	***** Freedom of Association & Protection of the Right to Organize Convention, 1948 (No.87)	22.06.1972
20.	Night Work (Women) convention (revised) 1948 (No.89)	22.06.1972
21.	Night Work of Young Persons (Industry) (revised) Convention, 1948 (No.90)	22.06.1972
22.	Fee-charging Employment Agencies Convention (revised), 1949 (No.96)	22.06.1972
23.	***** Right to Organize & Collective Bargaining Convention, 1949 (No.98)	22.06.1972
24.	***** Equal Remuneration Convention , 1951 (No.100)	28.01.1998
25.	***** Abolition of Forced Labour Convention , 1957 (No.105)	22.06.1972
26.	Weekly Rest (commerce & offices) Convention, 1957 (No.106)	22.06.1972
27.	Indigenous & Tribal Population Convention, 1957 (No.107)	22.06.1972
28.	***** Discrimination (Employment & Occupation) Convention , 1958 (No.111)	22.06.1972
29.	Final Articles Revision Convention, 1961 (No.116)	22.06.1972
30.	Equality of Treatment (Social Security) Convention , 1962 (No.118)	22.06.1972
31.	Tripartite Consultation (International Labour Standards) Convention, 1976 (No.144)	17.04.1979
32.	Nursing Personnel Convention, 1977 (No.149)	17.04.1979
33.	***** Worst Forms of Child Labour Convention , 1999 (No.182)	12.03.2001
34.	Seafarer's Identify Document Convention (revised), 2003 (No.185)	28.04.2014
35.	Maritime Labour Convention 2006	06.11.2014

* ILO Core conventions.

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর-পরিদপ্তরসমূহ ঃ

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

শ্রম পরিদপ্তর

শ্রম আপীল ট্রাইবুনাল ও শ্রম আদালত

নিম্নতম মজুরি বোর্ড

জাতীয় দক্ষতা উন্নয়ন পরিষদ (এনএসডিসি)

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন

কেন্দ্রীয় তহবিল

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
বাংলাদেশ মৎস উন্নয়ন কর্পোরেশন ভবন
২৩-২৪ কাওরান বাজার, ঢাকা
www.dife.gov.bd

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন এবং অর্থনৈতিক প্রবৃদ্ধির ধারা অব্যাহত রাখতে কলকারখানা ও প্রতিষ্ঠানে শোভন কর্মপরিবেশ নিশ্চিতকরণের বিকল্প নেই। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়াধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (DIFE) বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ বাস্তবায়নের মাধ্যমে শোভন কর্মপরিবেশ নিশ্চিতকরণের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। শ্রমিক, মালিক, সরকার এবং আন্তর্জাতিক সংস্থাসহ সকল পক্ষের মধ্যে সমন্বয় সাধনের মাধ্যমে শোভন কর্মপরিবেশ নিশ্চিতের মাধ্যমে দেশের আর্থ সামাজিক সমৃদ্ধি অর্জনে এই অধিদপ্তর প্রতিজ্ঞাবদ্ধ।
দেশে বিদ্যমান শিল্প সেক্টরে কর্মরত শ্রমিকদের প্রাপ্য সুবিধাদি প্রদান, কর্মদক্ষতা বৃদ্ধি এবং সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণের জন্য ১৫-০১-১৪ তারিখে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন পরিদপ্তরকে অধিদপ্তরে উন্নীত করা হয়েছে। এর প্রধানের মর্যাদা প্রধান পরিদর্শক (উপ-সচিব) থেকে মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব) পদে উন্নীতকরণ DIFE কে আরও শক্তিশালী করেছে।
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর পরিদপ্তর থাকাকালীন প্রধান কার্যালয় এবং ০৭ টি জেলা কার্যালয়ের মাধ্যমে এর কার্যক্রম পরিচালনা করত। অধিদপ্তরে রূপান্তরিত হওয়ার পর এর ২৩ টি উপমহাপরিদর্শকের কার্যালয় স্থাপন করা হয়েছে যার ফলে এই অধিদপ্তরের জনবল বৃদ্ধিসহ অবকাঠামোর উন্নতি এবং সেবার মান বৃদ্ধি পেয়েছে।

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কার্যাবলী

- বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এবং শ্রম বিধিমালা, ২০১৫ অনুযায়ী কলকারখানা, দোকান ও প্রতিষ্ঠান পরিদর্শনের মাধ্যমে কর্মস্থলের সেইফটি নিশ্চিতকরণ এবং বাংলাদেশ শ্রম আইনে বর্ণিত শ্রমিকদের অধিকার রক্ষা করা।
- কারখানার লে-আউট প্ল্যান এবং লে-আউট সম্প্রসারণের নকশা অনুমোদন।
- কারখানা ও প্রতিষ্ঠানের চাকুরি বিধি অনুমোদন।
- বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর বিভিন্ন ধারা ও বিধি সম্পর্কিত জিজ্ঞাসার জবাব ও আবেদনের পরিপ্রেক্ষিতে অব্যাহতি প্রদান।
- শ্রমিক কর্তৃত দাখিলকৃত অভিযোগসমূহ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ।
- বাংলাদেশ শ্রম আইন এবং DIFE-সংশ্লিষ্ট আদেশ নির্দেশ বাস্তবায়নে বিশেষ ভূমিকা পালন করা।
- শ্রমিক অধিকার এবং কর্মপরিবেশ সংক্রান্ত অভিযোগের সুষ্ঠু তদন্ত করা।
- শ্রমিক এবং মালিক পক্ষদের মধ্যে শ্রম আইন বিষয়ক জ্ঞান ও তথ্য আদান প্রদানের ব্যবস্থা এবং বাংলাদেশ শ্রম আইন, স্বাস্থ্য এবং নিরাপত্তার ব্যাপারে শ্রমিক এবং মালিকপক্ষের মধ্যে সচেতনতা সৃষ্টি করা।
- কলকারখানার নিবন্ধীকরণ এবং লাইসেন্স নবায়ন।
- শ্রম আইনের যথাযথ বাস্তবায়নের জন্য বিভিন্ন সরকারি সংস্থা, মালিক সংগঠন এবং দরকষাকষি প্রতিষ্ঠানের সাথে সম্পর্ক স্থাপন ও যোগাযোগ রক্ষা করা।
- শ্রম পরিদর্শন, মজুরী ব্যবস্থাপনা, কর্ম এবং স্বাস্থ্য ও নিরাপত্তা বিষয়ক প্রতিবেদন প্রকাশ।
- পরিদর্শন সংশ্লিষ্ট তথ্য, উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও সরবরাহ করা।
- বিভিন্ন কারখানায় সংঘটিত দুর্ঘটনার কারণ নিরূপন, ক্ষতিগ্রস্তদের ক্ষতিপূরণ প্রদানের সুপারিশ ও দায়ীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ।
- বিভিন্ন কারখানায় সেফটি কমিটি গঠন বিষয়ে উদ্বুদ্ধকরণ এবং কারখানা ও প্রতিষ্ঠানের কর্মকর্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।

জনবল: অধিদপ্তরে উন্নীত হওয়ার পর এর জনবল ৩১৪ থেকে ৯৯৩ তে উন্নীত করা হয়েছে যার মধ্যে ৫৭৫ জন পরিদর্শক। বর্তমানে ৩০৬ জন পরিদর্শক কর্মরত আছেন। তন্মধ্যে নারী পরিদর্শক ৬৬ জন। আরও পরিদর্শক নিয়োগের প্রক্রিয়া চলছে।
বাজেট: এ অধিদপ্তরে ২০১৩-২০১৪ অর্থবছরে ৬.২৯.৩৭ কোটি, ২০১৪-২০১৫ অর্থবছরে ২৩.৩০.১০ কোটি, ২০১৫-২০১৬ অর্থবছরে ৩১.৫০.০০ কোটি এবং ২০১৬-২০১৭ অর্থবছরে ২৫.১৭.৫০ কোটি টাকা বাজেট বরাদ্দ দেয়া হয়।

মানবসম্পদ উন্নয়ন ও প্রশিক্ষণ: দেশের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের জন্য কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের পরিদর্শকগণকে দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে মানবসম্পদে পরিণত করার লক্ষ্যে আইএলও (ILO), জিআইজেড (GIZ), ডেনমার্ক এবং বাংলাদেশ সরকারের উদ্যোগে অভ্যন্তরীণ এবং বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। দক্ষতা উন্নয়নের ধারাকে অধিকতর গতিশীল, সম্প্রসারিত ও কার্যকর করতে প্রশিক্ষণার্থীদেরকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ হিসেবে গড়ে তোলা হচ্ছে।

(ক) অভ্যন্তরীণ প্রশিক্ষণ: কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ২০১৬-২০১৭ অর্থবছরে সর্বমোট ৪৩ টি প্রশিক্ষণে ৭৯৪ জন পরিদর্শক ও কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়। নিম্নোক্ত বিষয়ে অভ্যন্তরীন প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়:

ক্রম	প্রশিক্ষণ কোর্স	মেয়াদ (দিন)	প্রশিক্ষণার্থী (জন)
১	Master's course in occupational safety and Health	-	২
২	Project Appraisal, EIA and Formulation of DPP	১৮	২
৩	Project Appraisal study	৫	২০
৪	Project Appraisal study	৫	২০
৫	TOT Training of Labour Inspectors	৫	২০
৬	1st Phase Training on Accident Safety Expert	১২	৮
৭	E-GP	৩	৫
৮	TOT Training of Labour Inspectors	৫	২০
৯	নাগরিক সেবায় উদ্ভাবন প্রশিক্ষণ কর্মশালা	৫	৫
১০	3rd Phase Training on Machinery Safety Expert	১১	৮
১১	TOT on Inspection Checklist	১৭	২০
১২	TOT Training on E-filing	৮	৩
১৩	ওয়েবপোর্টাল তৈরী প্রশিক্ষণ	৫	২
১৪	Training on strengthening communication capacity of DIFE	১	১০
১৫	Training on strengthening communication capacity of DIFE	২	১৫
১৬	LIMA Training	১	৩০
১৭	Accident prevention Training	১২	৮
১৮	Chemical Training	১২	৮
১৯	LIMA Application Workshop	৪	৩২
২০	IT Training	০৫	০৫
২১	Inter Personal Communication Training	০২	১২
২২	IT Training	০৪	৭
২৩	Chemical Safety Training	০৩	৮
২৪	Machinery Safety Training	০৫	২০
২৫	Computer Training	১২	২০
২৬	IT Training	১৩	০৭
২৭	Introductory Course For Labour Inspectors	০৫	২০
২৮	Introductory Course For Labour Inspectors	০৫	২০
২৯	Chemical and Biology Safety Experts Training	০৯	০৮
৩০	Construction Safety Experts Training	০৯	০৮
৩১	User Acceptance Test (UAT) Training on Information	০৩	২০

	& Knowledge System for DIFE		
৩২	পরিদর্শন সংক্রান্ত রিপোর্ট লিখন	০১	১৩
৩৩	Foundation Training (5^{th} batch)	৪০	৪০
৩৪	Foundation Training (6^{th} batch)	৪০	৪০
৩৫	Master Trainers Training Program of Information & Knowledge Management System for DIFE	০৩	০৪
৩৬	Master Trainers Training Program of Information & Knowledge Management System for DIFE	০৩	২০
৩৭	Ergonomic Safety Expert Training	১১	১০
৩৮	E-Learning Course on Labour Inspection Training	৫৩	৩০
৩৯	E-Learning Course on Labour Inspection Training	৫৩	০২
৪০	নাগরিক সেবায় উদ্ভাবন প্রশিক্ষণ কোর্স।	০২	০৫
৪১	Training on Electrical Safety	০৩	১৫
৪২	Capacity Building on DIFE Inspector Workshop Training	০১	২০
৪৩	Information & Knowledge Management System for DIFE	১৮	২০২

(খ) বৈদেশিক প্রশিক্ষণ: আন্তর্জাতিক শ্রমমান ও সেফটি স্ট্যান্ডার্ড বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করে তা প্রয়োগ ও বাস্তবায়নের নিমিত্তে বিশেষায়িত প্রশিক্ষণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ লক্ষ্যে ২০১৬-২০১৭ অর্থবছরে ০৮ টি প্রশিক্ষণের আওতায় মোট ২১ জন পরিদর্শককে বৈদেশিক প্রশিক্ষণ প্রদান করা হয়।

(গ) বুনিয়াদি প্রশিক্ষণ: কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের নতুন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের দক্ষ করে গড়ে তুলতে বুনিয়াদি প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হয়। এ পর্যন্ত ৬ টি ব্যাচে মোট ২৩৮ জনকে এ প্রশিক্ষণ দেওয়া হয়েছে। ২০১৬-২০১৭ অর্থবছরে দু'টি ব্যাচে মোট ৮০ জনকে বুনিয়াদি প্রশিক্ষণ প্রদান করা হয়।

বুনিয়াদি প্রশিক্ষণের ৬ষ্ঠ ব্যাচের প্রশিক্ষণার্থীবৃন্দ এবং প্রশিক্ষকগণের একাংশ

(ঘ) ইন-হাউস প্রশিক্ষণ: ২০১৬-২০১৭ অর্থবছরে ২১ টি ইন-হাউস প্রশিক্ষণ হয়। এসব প্রশিক্ষণে ৬১৪ জন কর্মকর্তা ও কর্মচারী অংশগ্রহণ করে। নিম্নোক্ত বিষয়ে ইন-হাউজ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

- শুদ্ধাচার ও নৈতিকতা
- সেবা সহজীকরণ

- পরিদর্শন চেকলিস্ট
- লেবার ইন্সপেকশন স্ট্রাটেজি
- ই-ফাইলিং
- লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (LIMA)
- শ্রম আইন ও বিধিমালার অরিয়েন্টেশনমূলক প্রশিক্ষণ

(ঙ) সাপ্তাহিক আইন ঘন্টা: শ্রম পরিদর্শকগণকে বাংলাদেশ শ্রম আইন এবং বাংলাদেশ শ্রম বিধিমালা বিষয়ে দক্ষ করে গড়ে তুলতে অধিদপ্তরের ২৩ টি উপমহাপরিদর্শকের কার্যালয়ে সাপ্তাহিক আইন ঘন্টা চালু রয়েছে। এ আইনঘন্টায় শ্রম আইন ও বিধিমালার বিভিন্ন ধারা, উপধারা আলোচনা করা হয় এবং প্রশ্নোত্তর পর্বের মাধ্যমে শ্রম আইনকে পরিদর্শকদের নিকট সহজবোধ্য করে তোলা হয়।

পোশাক কারখানার নিরাপত্তা বিষয়ক বিশেষ কার্যক্রম:

(ক) কর্মস্থলে নিরাপত্তা নিশ্চিতকরণ: তাজরিন ফ্যাশন এবং রানা প্লাজার মর্মান্তিক দুর্ঘটনার পর তৈরি পোশাক শিল্পের ভবন, অগ্নি ও বৈদ্যুতিক নিরাপত্তা নিশ্চিতে সরকার, মালিক, শ্রমিকপক্ষসহ আন্তর্জাতিক ও দেশীয় বিভিন্ন সংগঠন কাজ শুরু করে। গৃহীত হয় জাতীয় ত্রিপক্ষীয় কর্মপরিকল্পনা (National Tripartite Plan of Action)। জাতীয় উদ্যোগের পাশাপাশি ইউরোপীয় ক্রেতা জোট সংস্থা (Accord on Fire and Building Safety) এবং উত্তর আমেরিকান ক্রেতা জোট সংস্থা (Alliance for Bangladesh Safety) পোশাক শিল্প কারখানা ভবনের কাঠামোগত, অগ্নি ও বৈদ্যুতিক নিরাপত্তা মূল্যায়নের কাজ করেছে। এসব কার্যক্রমের আওতায় সম্পাদিত অ্যাসেসমেন্টের হালনাগাদ তথ্য নিম্নরূপ:

	সম্পাদিত অ্যাসেসমেন্ট
ন্যাশনাল ইনিশিয়েটিভ	১৫৪৯
অ্যাকর্ড	১৫০৫
অ্যালায়েন্স	৮৯০
মোট	৩৭৮০

জাতীয় ত্রিপক্ষীয় কর্মপরিকল্পনা (National Tripartite Plan of Action)-এর আওতায় পরিচালিত প্রাথমিক মূল্যায়ন (assessment) কার্যক্রমের স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে প্রাথমিক মূল্যায়ন (assessment)-এর প্রতিবেদনের সার সংক্ষেপ DIFE ওয়েবসাইট (www.dife.gov.bd)-এ নিয়মিত আপলোড করা হয়। এতে সমগ্র পৃথিবীর সংশ্লিষ্ট ক্রেতা গোষ্ঠী বাংলাদেশের পোশাক কারখানার ভবনসমূহের নিরাপত্তা ব্যবস্থা সম্পর্কে ধারনা লাভ করতে পারে। প্রতিবেদনের হালনাগাদ তথ্য প্রদান করা হলোঃ

DIFE ওয়েবসাইটে দেয়া প্রতিবেদনের সংখ্যা	
অ্যাকর্ড	৭৪৫
অ্যালায়েন্স	৫৬৬
ন্যাশনাল ইনিশিয়েটিভ	১৫৪৯
মোট	২৮৬০

প্রাথমিক মূল্যায়নের পর কারখানাসমূহের প্রয়োজনীয় সংস্কার কাজের (Corrective Action Plan) অগ্রগতি পর্যালোচনার জন্য মালিক পক্ষের সাথে ইতোমধ্যে সভা করে সময়াবদ্ধ অঙ্গীকার গ্রহণ করা হয়েছে।

(খ) সংস্কার সমন্বয় সেল (RCC): পোশাক কারখানাগুলোর সংস্কারকাজ পরিচালনা করতে গঠন করা হয়েছে সংস্কার সমন্বয় সেল (আরসিসি)। ১৪ মে ২০১৭ এই সেল উদ্বোধন করা হয়। প্রাথমিকভাবে ন্যাশনাল ইনিশিয়েটিভের অধিনে থাকা ১ হাজার ৫৪৯ টি কারখানা আরসিসির নেতৃত্বে সংস্কার করা হবে। এ উদ্যোগে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সাথে থাকবে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, বুয়েট, রাজউক, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক) এবং বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর। এতে কারিগরি সহায়তা প্রদান করছে আইএলও। জুন ২০১৭ পর্যন্ত সাতটি উদ্বুদ্ধকরণ সভার মাধ্যমে

ঢাকা, গাজীপুর, নারায়নগঞ্জ এবং চট্টগ্রাম জেলার মোট ৪১৮ টি কারখানা মালিক প্রতিনিধির সঙ্গে সংস্কারের অগ্রগতি বিষয়ে মতবিনিময় করা হয়। সভাগুলোতে সংস্কার কাজ সমাপ্ত করার জন্য সময়সীমা নির্ধারণ করে দেওয়া হয়।

RCC উদ্বোধন অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিবৃন্দের সাথে মাননীয় প্রতিমন্ত্রী জনাব মুজিবুল হক, এমপি।

DIFE-এর নিয়মিত কার্যক্রম:

(ক) শ্রম পরিদর্শন: সকল কর্মক্ষম নাগরিকদের জন্য উৎপাদনমুখী, বৈষম্যহীন, শোষণমুক্ত, শোভন, নিরাপদ ও স্বাস্থ্যসম্মত কর্মপরিবেশ নিশ্চিত করা এবং সকল ক্ষেত্রে শ্রমিকের অধিকার ও শ্রমের মর্যাদা প্রতিষ্ঠা করার মাধ্যমে বিনিয়োগ বান্ধব পরিবেশ সৃষ্টি করা এ অধিদপ্তরের মূল লক্ষ্য। এ লক্ষ্যে DIFE-এর অন্যতম গুরুত্বপূর্ণ এবং নিয়মিত কাজ হচ্ছে শ্রম পরিদর্শন।

কারখানা পরিদর্শনরত অতিরিক্ত মহাপরিদর্শক ড. মোঃ আনোয়ার উল্ল্যাহ, এফসিএমএ

কারখানা পরিদর্শনরত শ্রম পরিদর্শকগণ

কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শনের মাধ্যমে শ্রম আইন প্রয়োগ ও বাস্তবায়নই এ অধিদপ্তরের মূল কাজ। এ মূল্যবোধকে সমুন্নত রেখে শ্রমের মর্যাদা রক্ষা, শ্রমিকের অধিকার প্রতিষ্ঠা এবং শ্রমিক ও তার পরিবারের জীবনমান উন্নয়নের জন্য নিম্নোক্ত পদ্ধতিতে পরিদর্শন করা হয়:

(ক) নিয়মিত পরিদর্শন।
(খ) তাৎক্ষণিক পরিদর্শন।
(গ) দুর্ঘটনা কবলিত স্থান পরিদর্শন।
(ঘ) অভিযোগের ভিত্তিতে পরিদর্শন।

নিয়মিত পরিদর্শন মূলত নিম্নোক্ত ধাপে সংঘটিত হয়

- সকল নিয়মিত পরিদর্শন আগে অবহিত করেই করা হয়ে থাকে। এ পরিদর্শনের বিষয়ে কারখানা ও প্রতিষ্ঠানের মালিকদের এক সপ্তাহ আগেই ফোন কল অথবা চিঠির মাধ্যমে অবহিত করা হয়।
- পরিদর্শনের সময় মূলত ফ্যাক্টরীর নাম, পরিদর্শনের বিভাগ, তারিখ ও সময় উল্লেখ থাকে। সেখানে পরিদর্শকের নামও উল্লেখ থাকে। ২০১৬-২০১৭ অর্থবছরে মোট পরিদর্শন সম্পন্ন করা হয়েছে ৩২,৯২৪ টি।

(খ) মনিটরিং: উপমহাপরিদর্শকের কার্যালয় সমূহের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন হচ্ছে কিনা তা দেখভাল করার জন্য অতিরিক্ত মহাপরিদর্শকের নেতৃত্বে চার সদস্য বিশিষ্ট মনিটরিং টিম কাজ করে। এ টিম কয়েকটি বিষয় তদারকি করে। যেমন: নথি ব্যবস্থাপনা; অফিস ব্যবস্থাপনা, পরিদর্শন ব্যবস্থাপনা, অফিস রেজিস্ট্রার ব্যবস্থাপনা, পরিদর্শন কার্যক্রমের চেকলিস্ট তদারকি ইত্যাদি। মনিটরিং টিম সংশ্লিষ্ট কার্যালয় ভ্রমণ করে শুরুতেই কার্যালয়ের সকল পরিদর্শকদের নিয়ে সভা করে। সেখানে অতিরিক্ত মহাপরিদর্শক বিভিন্ন বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন এবং প্রশ্নোত্তর পর্বের মাধ্যমে শ্রম পরিদর্শকদের সাথে মত বিনিময় করেন।

(গ) নারী বান্ধব কর্মক্ষেত্র নিশ্চিতকরণ: কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণ, নারীর ক্ষমতায়ন এবং জাতীয় অর্থনীতিতে নারীর অবদানের বিষয় বিবেচনায় রেখে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর বিশেষ ভূমিকা পালন করে থাকে। নারীবান্ধব এবং স্বাস্থ্যসম্মত কর্মক্ষেত্র নিশ্চিতে অগ্রনী ভূমিকা পালন করছে এই অধিদপ্তর। মাতৃত্বকল্যাণ সুবিধা নিশ্চিতকরণ এবং মাতৃত্ব সুরক্ষার জন্য শ্রম আইনের সংশ্লিষ্ট ধারাসমূহ বাস্তবায়নসহ নানা কার্যক্রম গ্রহণ করা হয়েছে। শিশুদের জন্য কারখানা ও প্রতিষ্ঠানে ডে-কেয়ার স্থাপন করা হচ্ছে। এই অধিদপ্তরের তত্ত্বাবধানে ২০১৬-২০১৭ অর্থবছরে কারখানা ও প্রতিষ্ঠানে ২১০ টি ডে-কেয়ার সেন্টার স্থাপন করা হয়েছে। ক্রমান্বয়ে আরো ডে-কেয়ার স্থাপনের কার্যক্রম অব্যাহত রয়েছে।

পোশাক কারখানার একটি ডে-কেয়ার সেন্টার

(ঘ) শিশুশ্রম নিরসন:

শিশুশ্রম নিরসনে বাংলাদেশ সরকার জাতীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে অঙ্গীকারাবদ্ধ। সে লক্ষ্যে জাতীয় শিশুশ্রম নিরসন নীতি ২০১০ অনুযায়ী ঝুঁকিপূর্ণ খাতসহ সকল ধরনের শ্রম থেমে শিশুদের মুক্ত করে ইতিবাচক পরিবর্তন আনয়ন করা এ অধিদপ্তরের প্রধান উদ্দেশ্য। ২০২১ সালের মধ্যে ঝুঁকিপূর্ণ শিশুশ্রম এবং ২০২৫ সালের মধ্যে সব ধরণের শিশু শ্রম রোধে DIFE অঙ্গিকারাবদ্ধ। ২০১৬-২০১৭ অর্থবছরে শিশু শ্রম নিরসনে মোট ২৫ টি মামলা দায়ের করেছে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর। পোশাক কারখানায় শতভাগ শিশুশ্রম নিরসন করা হয়েছে। এছাড়া চলতি ২০১৭-২০১৮ অর্থবছরে বিভিন্ন এলাকাভিত্তিক কিছু সেক্টরে অগ্রাধিকার ভিত্তিতে শিশু শ্রম নিরসনের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সেক্টরগুলো হলো: অ্যালুমিনিয়াম, বিড়ি/সিগারেট, কাঁচ, ট্যানারি, স্টোন ক্রেকার, সিরামিক, প্লাস্টিক, স্পিনিং, শিপব্রেকিং, তাঁত, সাবান, ওয়েভিং, গ্লাস কারখানা।

(ঙ) উদ্বুদ্ধকরণ: কারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর বিভিন্ন বিয়য়ে তার স্টেকহোল্ডারদের মধ্যে উদ্বুদ্ধকরণ কার্যক্রম পরিচালনা করে থাকে। ২০১৬-২০১৭ অর্থবছরে ৫৩৩ টি উদ্বুদ্ধকরণ সভা সম্পন্ন করা হয়েছে।

(চ) লাইসেন্স প্রদান: ২০১৬-২০১৭ অর্থবছরে অধিদপ্তর থেকে কারখানা ও প্রতিষ্ঠানকে লাইসেন্স প্রদান করা হয়েছে ৮০১৩ টি।

(ছ) লাইসেন্স নবায়ন: ২০১৬-২০১৭ অর্থবছরে কারখানা ও প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়ন করা হয়েছে ১০৭৩২ টি।

(জ) অভিযোগ নিষ্পত্তি: কারখানা ও প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত অভিযোগের নিষ্পত্তি করা এ অধিদপ্তরের অন্যতম দায়িত্ব। ২০১৬-২০১৭ অর্থবছরে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির ক্ষেত্রে ৬৭% লক্ষ্যমাত্রা অর্জন করেছে।

(ঝ) মামলা: শ্রম আইন অমান্যকারীদের বিরুদ্ধে শ্রম আদালতে মামলা রুজু করে থাকে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের পরিদর্শকগণ। ২০১৬-২০১৭ অর্থবছরে মামলা দায়েরের লক্ষ্যমাত্রা ছিল ১১০০ টি আর মামলা দায়ের করা হয়েছে মোট ১২৭৩ টি। ফলে লক্ষ্যমাত্রার শতভাগ অর্জিত হয়েছে।

(ঞ) কমপ্লায়েন্স কারখানা: শ্রম আইন ও বিধিবিধান মেনে চলে এমন কারখানার সংখ্যা বৃদ্ধি করে শোভন কর্মপরিবেশ নিশ্চিত করা কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের অন্যতম লক্ষ্য। ২০১৬-২০১৭ অর্থবছরে কমপ্লায়েন্স হয়েছে মোট ২০০০ টি কারখানা।

(ট) রাজস্ব আদায়: ২০১৬-২০১৭ অর্থবছরে কারখানার লাইসেন্স প্রদান এবং লাইসেন্স নবায়ন করে ৩,২৫,৮৬,০০০ টাকা রাজস্ব আদায় করেছে। অন্যান্য উৎস থেকে রাজস্ব আদায় করেছে ১,৮৭,০০০ টাকা।

(ঠ) নিম্নতম মজুরী বাস্তবায়ন: শ্রমিকদের জন্য সরকার ঘোষিত নিম্নতম মজুরী বাস্তবায়নে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর কাজ করে যাচ্ছে।

<u>অধিদপ্তরকে আধুনিকায়নে গৃহীত উদ্যোগ:</u>

(ক) ডিজিটালাইজেশন:

জনগণের দোরগোড়ায় অধিদপ্তরের সেবা পৌঁছে দেয়া এবং অধিদপ্তরের কার্যক্রমের স্বচ্ছতা ও জবাবদিহিতা আনয়নে এ অধিদপ্তর বদ্ধপরিকর। ৩০ মার্চ ২০১৪ এ অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইট <u>www.dife.gov.bd</u> চালু করেছে। ওয়েবসাইটে পোশাক কারখানার তথ্য সম্বলিত একটি ডাটাবেস রয়েছে। নিম্নে ওয়েবসাইটের তথ্য সেবাসমূহ দেয়া হলো:

(ক) অর্গানোগ্রামসহ অধিদপ্তর সম্পর্কিত তথ্য;
(খ) প্রধান কার্যালয় ও জেলা কার্যালয়ের ঠিকানা;
(গ) সেবা প্রদানের পদ্ধতিসহ সেবা গ্রহণের তালিকা;
(ঘ) ডাউনলোড সুবিধাসহ শ্রম আইন ও নীতিমালামূহ;
(ঙ) পোশাক কারখানার ডাটাবেস;
(চ) ডাউনলোড সুবিধাসহ প্রয়োজনীয় ফরমসমূহ;
(ছ) দপ্তরের সর্বশেষ তথ্য সম্বলিত নোটিশ, প্রজ্ঞাপন এবং সংবাদ;

(খ) কারখানার রেজিস্ট্রেশন/লাইসেন্স গ্রহণ পদ্ধতি:

বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রয়াসের অংশ হিসেবে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের লাইসেন্স প্রদান ও নবায়ন সংক্রান্ত অন-লাইন কার্যক্রম চালু করা হয়েছে। এর ফলে লাইসেন্স প্রদান ও নবায়ন সংক্রান্ত কার্যক্রমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে। অন্যদিকে কাজের গতিশীলতা বাড়বে এবং সময়ের অপচয় কমবে। কারখানার রেজিস্ট্রেশন/লাইসেন্স গ্রহণ পদ্ধতি ডিজিটালাইজড করার লক্ষ্যে ইতোমধ্যে অনলাইন পদ্ধতি কার্যকর করা হয়েছে।

(গ) সেবা সহজীকরণ:

অধিদপ্তরের প্রদত্ত সেবাগুলোর মধ্যে অন্যতম গুরুত্বপূর্ণ একটি সেবা কারখানা ও প্রতিষ্ঠানের লাইসেন্স প্রদান ও নবায়ন। এ সেবা সাধারণের দোরগোড়ায় পৌঁছে দিতে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের সহযোগিতায় সেবাদান সহজীকরণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এর ফলে সেবা দাতা এবং গ্রহীতাদের সময় ও অর্থের অপচয় রোধ হওয়ার পাশাপাশি নাগরিক ভোগান্তি বন্ধ হবে। গাজীপুরে অবস্থিত অধিদপ্তরের উপমহাপরিদর্শকের কার্যালয়ে এর পাইলট প্রকল্প সফলভাবে সম্পন্ন হয়েছে। এ প্রকল্প বাস্তবায়নে ৬ টি প্রশিক্ষণ সভা ১ টি ওরিয়েন্টেশন এবং ১০ টি উদ্বুদ্ধকরণ সভা অনুষ্ঠিত হয়েছে। প্রশিক্ষণ কর্মশালায় মোট ৩৬০ জন মালিক প্রতিনিধি এবং শ্রম পরিদর্শক অংশগ্রহণ করেন। আগে যেখানে ১১ টি ধাপে কারখানার লাইসেন্স পেতে লাগত ৯০ দিন সেখানে নতুন পদ্ধতিতে ৯ টি ধাপে সময় লাগবে ৪৫ দিন। ইতোমধ্যে অধিদপ্তরের ২৩ টি উপমহাপরিদর্শকের কার্যালয়ের মাধ্যমে সারাদেশে এ সহজ পদ্ধতিতে লাইসেন্স প্রদান শুরু হয়েছে।

(ঘ) ই-ফাইলিং: ৩ অক্টোবর ২০১৭ থেকে অধিদপ্তরের কার্যক্রম শতভাগ ই-ফাইলিং এর মাধ্যমে সম্পন্ন করা হচ্ছে।

(ঙ) লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (LIMA)

অধিদপ্তরের কার্যক্রমকে যুগোপযোগী করা এবং পরিদর্শন কার্যক্রমে আরো স্বচ্ছতা, জবাবদিহিতা ও গতিশীলতা আনয়নের জন্য ডিজিটাল পরিদর্শন প্রবর্তন একটি বড় উদ্যোগ। এজন্য লেবার ইন্সপেকশন ম্যানেজমেন্ট অ্যাপ্লিকেশন (লিমা) নামে একটি মোবাইল অ্যাপ তৈরি করা হয়েছে। অধিদপ্তরের কাজসমূহকে সহজীকরণ এবং তথ্য সঠিকভাবে সংরক্ষণ ও ব্যবহার করতে এই অ্যাপ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। অ্যাপটিকে ব্যবহার উপযোগী করতে অধিদপ্তরের কর্মকর্তাদের পর্যায়ক্রমে প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। এখন পর্যন্ত মোট ১৪০ জন কর্মকর্তা প্রশিক্ষণে অংশগ্রহণ করেছেন। আন্তর্জাতিক শ্রম সংস্থা (আইএলও) এতে সহায়তা প্রদান করেছে।

(LIMA)'র প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীবৃন্দ

(চ) ভিডিও কনফারেন্স: অধিদপ্তরের উপমহাপরিদর্শকের কার্যালয়গুলোর সাথে যোগাযোগ করতে নিয়মিতভাবে "DIFE's inspection for better compliance"-শীর্ষক ভিডিও কনফারেন্স আয়োজন করা হচ্ছে। ভিডিও কনফারেন্সের লক্ষ্য পরিদর্শন কাজের অগ্রগতি আলোচনা; APA অনুযায়ী কর্মপরিকল্পনা বাস্তবায়ন; বিশেষ দৃষ্টি আকর্ষণজনিত কোনো তথ্য ও প্রস্তাব বিষয়ে আলোচনা এবং পরিস্থিতি বিবেচনায় আলোচনা এবং প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান।

প্রধান কার্যালয়ের সাথে বিভিন্ন উপমহাপরিদর্শকের কার্যালয়ের ভিডিও কনফারেন্স

DIFE'র অনলাইন সেবাসমূহ:

(ক) কারখানার লে-আউট প্ল্যান বা সম্প্রসারণ/সংশোধনের লে-আউট প্ল্যান অনুমোদনের আবেদন।
(খ) কারখানার লে-আউট প্ল্যান অনুমোদনসহ কারখানার লাইসেন্স প্রাপ্তির আবেদন।
(গ) কারখানার লাইসেন্স প্রাপ্তির আবেদন।
(ঘ) কারখানার লাইসেন্স নবায়নের আবেদন।
(ঙ) কারখানার লাইসেন্স সংশোধনের আবেদন।
(চ) কারখানার লে-আউট প্ল্যান বা সম্প্রসারণ/সংশোধনের লে-আউট প্ল্যান অনুমোদনসহ কারখানার লাইসেন্স সংশোধনের আবেদন।
(ছ) কারখানার ডুপ্লিকেট লাইসেন্স প্রাপ্তির আবেদন।
(জ) কাজ শুরু করার পূর্বে নোটিশ।
(ঝ) কোন শ্রমিকের বা শ্রমিকদের মজুরীসহ আইনগত প্রাপ্য পাওনাদির বিষয়ে অভিযোগ।
(ঞ) আবেদনপত্রের স্ট্যাটাস বা অবস্থান সম্পর্কে তথ্য।

হেল্প লাইন: শ্রমিকদের অভিযোগ জানানোর প্রক্রিয়া সহজ করতে GIZ এর আর্থিক সহায়তায় আশুলিয়া এলাকায় পাইলট ভিত্তিতে ১৫ মার্চ ২০১৫ একটি হেল্প লাইন চালু করেছে। যার নম্বর হলো ০৮৮০০৪৪৫৫০০০। এ হেল্প লাইনের মাধ্যমে শ্রমিকরা শ্রম আইন বিষয়ক বিভিন্ন সমস্যা সম্পর্কে অভিযোগ জানাতে পারেন। ২০১৬-২০১৭ সালে মোট অভিযোগ ৮৮১, প্রাসঙ্গিক অভিযোগ ৮৩২, অপ্রাসঙ্গিক অভিযোগ ৪৯ টি, অভিযোগ নিষ্পত্তির সংখ্যা ২৪৬ টি।

পরিদর্শন পরিকল্পনা: কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর পরিদর্শন পরিকল্পনা প্রণয়ন করেছে। শ্রম আইনের সার্বিক কমপ্লায়েন্স বাস্তবায়ন করতে পারা হবে এ অধিদপ্তরের সার্থকতা। বিশেষকরে তৈরি পোশাক শিল্প সেক্টরে স্ট্রাকচারাল, ফায়ার এবং ইলেক্ট্রিকাল সেফটি নিশ্চিতকরণ, পেশাগত স্বাস্থ্য, কর্মস্থলে সুরক্ষা নিশ্চিতকরণ এবং শিশুশ্রম নিরসন এ অধিদপ্তরের মূল উদ্দেশ্য। তৈরি পোশাক শিল্প, পেশাগত স্বাস্থ্য, চামড়া শিল্প, জুট এবং টেক্সটাইল, সিমেন্ট সেক্টর, মৎস প্রক্রিয়াজাতকরণ, জাহাজভাঙ্গা শিল্প এবং শিশু শ্রম খাতকে অগ্রাধিকার ভিত্তিতে পরিদর্শন পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়েছে। ২০১৭-২০১৮ অর্থবছরে পরিদর্শন লক্ষ্যমাত্রা হচ্ছে ৩২০০০ টি।

বিবিধ:

অধিদপ্তরের কার্যক্রমকে আরও গতিশীল করার জন্য আরো বেশ কয়েকটি কমিটি কাজ করে থাকে। এসব কমিটির মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি কমিটি হলো:

(১) রাজস্ব আদায় ও লাইসেন্স ইস্যু/নবায়ন পর্যালোচনা বিষয়ক কমিটি।
(২) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন সংক্রান্ত কমিটি
(৩) পরিবীক্ষণ ও মূল্যায়ন টিম
(৪) ডাটাবেজ ও ওয়েবসাইট ম্যানেজমেন্ট সংক্রান্ত কমিটি
(৫) পরিকল্পনা ও উন্নয়ন সেল

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর শ্রম আইন, ২০০৬ এবং শ্রম বিধিমালা, ২০১৫ প্রয়োগের মাধ্যমে আন্তর্জাতিকভাবে স্বীকৃত শ্রমজীবী মানুষের অধিকার বাস্তবায়নে বিশেষ করে শ্রমিকের ন্যায্য মজুরী, নিরাপদ কর্মপরিবেশ, সামাজিক ও পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিত করা এবং সুস্থ ট্রেড ইউনিয়ন চর্চার মাধ্যমে শিল্পে শান্তি, স্থিতিশীলতা ও উৎপাদন বৃদ্ধির মাধ্যমে জাতীয় অর্থনৈতিক উন্নয়ন ও অগ্রগতি ত্বরান্বিত করার জন্য কার্যকর ভূমিকা পালন করছে। শ্রমিক, মালিক, ক্রেতা ও ভোক্তার মধ্যে পারস্পরিক আস্থা, সম্মান ও সম্প্রীতির সম্পর্ক উন্নয়নে এ অধিদপ্তর ব্যাপক অবদান রেখে চলেছে যা সামগ্রিকভাবে দেশের আর্থ সামাজিক উন্নতির ক্ষেত্রে অপরিসীম অবদান রাখছে।

শ্রম পরিদপ্তর
৪নং রাজউক এভিনিউ, ঢাকা
www.dol.gov.bd

শ্রম পরিদপ্তরের সংক্ষিপ্ত পরিচিতি

প্রথম বিশ্বযুদ্ধ পূর্ববর্তী সময় পর্যন্ত ভারত উপ-মহাদেশের শ্রমিকগণ অসংগঠিত ছিল। তখন উল্লেখযোগ্য তেমন কোন শ্রম অসন্তোষ ছিল না । বিশ্ব যুদ্ধ পরবর্তীতে শ্রম সম্পর্কিত সুসম্পর্ক নিশ্চিত করার লক্ষ্যে ১৯২০ সালে ভারত সরকার কর্তৃক প্রাথমিকভাবে লেবার বুর‍্যো'' গঠন করা হয়। একই সাথে মাদ্রাজ ও বাংলায় লেবার কমিশনের দু'টি বিশেষ পদ সৃষ্টি করা হয় । ১৯২১ সালে বোম্বেতে অপর একটি লেবার অফিস স্থাপিত হয় । উল্লেখ্য যে, বৃটিশ শাসনামলে মাঝামাঝি সময়ে অবিভক্ত ভারতে শুধুমাত্র শ্রমিকের কল্যাণার্থে শ্রম প্রশাসনের সূত্রপাত ঘটে । তৎকালীন সময়ে অবিভক্ত ভারতে বহিরাগত শ্রমিকের কল্যাণার্থে প্রথমে "Department of Immigrant Labour" নামে শ্রম দপ্তর প্রতিষ্ঠা হয়। পরবর্তী সময়ে স্বদেশী শ্রমিকদের অন্তর্ভুক্ত করে ১৯৩১ সালে "General department of Labour" হিসেবে পুনঃ নামকরণ করা হয়।

১৯৩৫ সালে নতুন সংবিধানের আওতায় লেবার ডিপার্টমেন্টের সৃষ্টি ও শ্রম প্রশাসনের বিকাশ ঘটে এবং শ্রম আইন প্রাদেশিক সরকারের আওতাভূক্ত হয় । ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস কর্তৃক ১৯৩৭ সালের নির্বাচনী ইশতেহারে শিল্প শ্রমিকের জীবন যাত্রার সুব্যবস্থা, শ্রম ঘন্টা, শ্রম প্রশাসন, শ্রমিক মালিকের বিরোধ নিষ্পত্তি, বয়োবৃদ্ধকালে অর্থনৈতিক নিরাপত্তা, অসুস্থতা, বেকারত্ব, ট্রেড ইউনিয়ন গঠনের অধিকার ও শ্রম স্বার্থে ধর্মঘট ইত্যাদি দেশের অর্থনৈতিক অবস্থার আলোকে আন্তর্জাতিক মান অনুযায়ী প্রদানের আশ্বাস প্রদান করা করেছিল । পরবর্তীতে নির্বাচিত প্রাদেশিক সরকারগুলো এ সকল শ্রম সুবিধা সমূহ বিভিন্ন প্রদেশে বিভিন্ন রকম তারতম্যের ভিত্তিতে কিছু কিছু বাস্তবায়ন করলেও অধিকাংশ ক্ষেত্রেই তা ছিল উপেক্ষিত ।তখন শিল্প প্রতিষ্ঠানসমূহে শ্রম কল্যাণ, সামাজিক নিরাপত্তা যথা-প্রভিডেন্ট ফান্ড, শ্রমিকের ক্ষতিপূরণ, স্বাস্থ্য ইন্স্যুরেন্স, বার্ধক্য জনিত অবসর, ইন্সুরেন্স, ট্রেড ইউনিয়ন ইত্যাদি ও এতদসংক্রান্ত শ্রম আইন প্রাদেশিক সরকারের অধিভূক্ত হয় ।

১৯৩৯ সালের নভেম্বর মাসে কংগ্রেস প্রাদেশিক সরকারের পদত্যাগের পর গভর্নরের শাসন কায়েম হয়। তখন ১৯৪০ সালের জানুয়ারীতে অনুষ্ঠিত লেবার উপদেষ্টাদের একটি কনভেনশন অনুষ্ঠিত হয়। কনভেনশনের সিদ্ধান্ত অনুযায়ী শ্রম অসন্তোষ নিরসনের লক্ষ্যে শ্রমিকের ছুটিকালীন বেতন, শ্রম পরিসংখ্যান সংগ্রহ, মজুরী প্রদান এ্যাক্টের সংশোধন করার নিমিত্ত কেন্দ্রীয় সরকারের নিকট প্রেরণ করা হয় ।

শিল্প শ্রমিক ও মহিলাদের মধ্যে দূরত্ব কমানোর লক্ষ্যে ভারত সরকার ১৯৪১ ও ১৯৪২ সালে শ্রমিক-মালিক প্রতিনিধিদের সাথে আলোচনার প্রেক্ষিতে মালিক-শ্রমিক ও সরকারী প্রতিনিধিত্বের মাধ্যমে ত্রিপক্ষীয় আলোচনার প্রয়োজনীয়তা অনুভব করে । সে অনুসারে ১৯৪২ সালে আগষ্ট মাসে ত্রিপক্ষীয় অংশ গ্রহণের মাধ্যমে চতুর্থ লেবার কনভেনশন অনুষ্ঠিত হয় । উক্ত কনভেনশনে ত্রিপক্ষীয় ভিত্তিতে স্থায়ী সভা গঠন, সকল সদস্যবর্গের অংশগ্রহণের মাধ্যমে কনফারেন্স অনুষ্ঠান এবং স্থায়ী লেবার কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয় । সে সময় অর্থাৎ ১৯৪২ সনে শিল্প পরিসংখ্যান আইন পাস হয় ।

১৯৪৬ সালের অক্টোবর মাসে অনুষ্ঠিত প্রাদেশিক শ্রম মন্ত্রীদের কনফারেন্সে শ্রম ক্ষেত্রে দ্রুত প্রগতি অর্জনের লক্ষ্যে শ্রম আইন কেন্দ্রীয় সরকারের অধিভূক্ত হয় । ভারত সরকারের শ্রম মন্ত্রণালয় পঞ্চ বার্ষিকী শ্রম কর্মসূচী গ্রহণ করে । উক্ত কর্মসূচীতে বেশ কিছু অত্যাবশ্যকীয় শ্রম বিল অন্তর্ভূক্ত হয় । ১৯৪৭ সালের এপ্রিল মাসে অনুষ্ঠিত ইন্ডিয়ান লেবার কনফারেন্সে শ্রম সমস্যা বিষয়ক এ সকল শ্রম বিলগুলো অনুমোদন পায় ।

১৯৪৭ সালের আগষ্টে ভারত বিভাজনের পর পাক সরকার ইন্ডাষ্ট্রিয়াল ডিসপ্যুট এ্যাক্ট, ১৯৪৭ পাস করে এবং ১ এপিল, ১৯৪৭ তারিখ থেকে তা কার্যকর করে। উক্ত আইনের মাধ্যমে শ্রম অসন্তোষ নিরসন, শিল্প সম্পর্ক নিয়ন্ত্রণ, ট্রেড ইউনিয়ন গঠন ও রেজিষ্ট্রেশন সংক্রান্ত ১৯২৯ সনের ট্রেড ডিসপ্যুট এ্যাক্ট এবং ১৯২৬ সনে ট্রেড ইউনিয়ন এ্যাক্ট রহিত করা হয় ।

১৯৪৭ সনে ভারত বিভক্তির পর ১৯৬২ সাল পর্যন্ত শ্রম প্রশাসন কেন্দ্রীয় বিষয় হিসেবে পরিগণিত ছিল। ১৯৬২ সনের শাসনতন্ত্র অনুযায়ী তা প্রাদেশিক বিষয়ে রূপান্তরিত হয় এবং লেবার কমিশনারের পদসহ তাঁর দপ্তর সৃষ্টি করা হয়। তখন লেবার কমিশনারের দপ্তরটি ছিল ১৭নং চক বাজর স্ট্রীটের কুন্ডু-দে বিল্ডিং এর দোতলায় । ১৯৪৭ সালে লেবার কমিশনারের দপ্তরের অবকাঠামো অনুমোদিত হয় এবং চট্টগ্রাম থেকে লেবার কমিশনারের দপ্তরটি ১৯৪৯ সালের ৯ই মে সচিবালয়ে স্থানান্তর করা হয়। সচিবালয়ে শ্রমিকদের অবাধ প্রবেশের সুযোগ না থাকায় ১৯৫৮ সালের অক্টোবর মাসে ৫০নং পুরানা পল্টনে দপ্তরটিকে স্থানান্তর করা হয়। স্বাধীনতার পূর্ব পর্যন্ত দপ্তরটি বর্ণিত ঠিকানাই ছিল। শিল্প সেক্টরে শ্রমিক অসন্তোষ নিরসন, শ্রমিক-মালিকের মধ্যে সম্পর্ক উন্নয়ন, শ্রম আইন বিষয়ে শ্রমিক প্রতিনিধি, শ্রম ব্যবস্থাপনায় নিয়োজিত কারখানা প্রতিনিধি এবং শ্রম প্রশাসনে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের তাগিদে ১৯৬৩ সনে টংগীতে বর্তমান শিল্প সম্পর্ক শিক্ষায়তন (আইআরআই) স্থাপিত হয় ।

১৯৬৯ সনে তৎকালীন পাকিস্তান সরকারের শ্রমনীতির আলোকে ও এয়ারভাইস মার্শাল নূর খানের রিপোর্টের ভিত্তিতে ১৯৭০ সালের মার্চ মাসে পূর্ব পাকিস্তানে লেবার এন্ড সোস্যাল ওয়েলফেয়ার ডিপার্টমেন্টের G.O. No. 230/ S-III/1A-8(2)69 date ০৫/০৩/১৯৭০ এর মাধ্যমে শ্রম প্রশাসনকে ৩টি ভাগে ভাগ করা হয়। (১) Directorate of labour Relations (2) Inspectorate of Factories and Establishments (3) Office of the Registrar of Trade Union. সময়ের সাথে সাথে শ্রম প্রশাসনের ক্ষেত্র দিন দিন বৃদ্ধি পেতে থাকে। ১৯৭২ সালের প্রথম দিকে বর্ণিত প্রতিষ্ঠান ৪নং ডিআইটি এভিনিউতে নিজস্ব ভবনে স্থানান্তরিত হয়। এদিকে রেজিষ্ট্রার অব ট্রেড ইউনিয়ন্স এর দপ্তরটি ১৯৭৬ সালের ২৯শে মে তারিখে শ্রম পরিদপ্তরের সাথে একত্রীকরণ করে "Labour department" করা হয় ।



শ্রম পরিদপ্তর বাংলাদেশ শ্রম আইন-২০০৬ সহ অন্যান্য শ্রম সংশ্লিষ্ট আইন ও বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ অনুসরণপূর্বক দেশের শ্রম সেক্টরে সুষ্ঠু শ্রম সেবা প্রদান সম্পর্কিত একটি সরকারী প্রতিষ্ঠান। এ পরিদপ্তর শান্তিপূর্ণভাবে শিল্প বিরোধ নিষ্পত্তিকরণ, ট্রেড ইউনিয়ন কার্যক্রম তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ, সরকারের গৃহীত বিভিন্ন শ্রম কল্যাণমূলক কর্মসূচী পরিচালনা এবং বাস্তবায়ন, শ্রম আইন ও শ্রম প্রশাসন সংক্রান্ত প্রশিক্ষণ পরিচালনা এবং শ্রম সংশ্লিষ্ট তথ্য উপাত্ত সংগ্রহ, সংগ্রহ, সংরক্ষণ ও চাহিদা অনুযায়ী সরবরাহের দায়িত্ব পালন করে থাকে। শ্রম পরিদপ্তরসহ তার অধীন ৪৯টি দপ্তরে ১৭৬ জন কর্মকর্তা এবং ৫৩৬ জন কর্মচারীসহ সর্বমোট ৭১২ জনবল কর্মরত রয়েছে। একজন শ্রম পরিচালক এ পরিদপ্তরের প্রধান নির্বাহী কর্মকর্তা ।শ্রম পরিদপ্তরের প্রধান কার্যালয়, ৪ টি বিভাগীয় শ্রম দপ্তর, ১১টি আঞ্চলিক শ্রম দপ্তর, ৪ টি শিল্প সম্পর্ক শিক্ষায়তন, ২৯টি শ্রম কল্যাণ কেন্দ্রে এর মাধ্যমে কর্মকান্ড পরিচালনা করে থাকে।একজন শ্রম পরিচালক এ পরিদপ্তরের প্রধান নির্বাহী কর্মকর্তা । শ্রম পরিদপ্তরকে অধিদপ্তরে উন্নীত করণের বিষয়টি বর্তমান চলমান আছে। এ পরিদপ্তরটি অধিদপ্তরে উন্নীত হলে এর জনবল বৃদ্ধি সহ অবকাঠামোয় পরিবর্তন আসবে এবং সেবার মান বৃদ্ধি পাবে।

রূপকল্প (Vision) ও অভিলক্ষ্য (Mission)

রূপকল্প (Vision):

শ্রম ক্ষেত্রে সুষ্ঠু শিল্প সর্ম্পক ও শ্রম কল্যাণ নিশ্চিত।

অভিলক্ষ্য (Mission):

বাংলাদেশ শ্রম আইন ২০০৬ ও শ্রম বিধিমালা ২০১৫ অনুসরণে শ্রমিক ও মালিকের সুসম্পর্ক রক্ষাসহ শ্রমিকের অধিকার নিশ্চিত করা, শিল্প বিরোধ নিষ্পত্তি, শ্রমিক কল্যাণে বিভিন্ন সেবামূলক কার্যক্রম গ্রহণ ও শ্রম প্রশাসন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করা।

শ্রম পরিদপ্তরের প্রধান সেবাসমূহ

১. ট্রেড ইউনিয়ন, ট্রেড ইউনিয়ন ফেডারেশন এবং কনফেডারেশনের রেজিষ্ট্রেশন প্রদান;

২. অংশগ্রহণ কমিটির তত্ত্বাবধান করা;

৩. যৌথ দরকষাকষি প্রতিনিধি নির্ধারণ;

৪. ট্রেড ইউনিয়নের কার্যকরী কমিটির নির্বাচন তত্ত্বাবধান করা;

৫. শিল্প বিরোধ নিষ্পত্তিকরণ;

৬. শ্রমিক ও তাদের পরিবার বর্গের জন্য শ্রম কল্যাণমূলক কর্মসূচী/কার্যক্রম পরিচালনা (স্বাস্থ, পরিবার-পরিকল্পনা ও বিনোদনমূলক) ও সেবা প্রদান করা;

৭. শ্রম সংশিষ্ট তথ্য উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও সরবরাহ করা;

৮. শ্রম আইন ও শ্রম প্রশাসন সংক্রান্ত প্রশিক্ষণ পরিচালনা করা;

৯. নৌ-যান শ্রমিক-কর্মচারীদের মজুরী নির্ধারণ করা;

১০. আই.এল.ও কনভেনশন ও রিকমেন্ডেশন সম্পর্কিত আই.এল.ও কর্তৃক চাহিত তথ্য প্রদান করা;

১১. শ্রম আইন বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট শ্রম পরিদর্শন, মজুরী প্রশাসন, উৎপাদনশীলতা, পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা ইত্যাদি বিষয়ে আন্তর্জাতিক ও জাতীয় পর্যায়ে অনুষ্ঠিত সেমিনার, মিটিং, ফোরাম প্রভৃতিতে সরকারের প্রতিনিধিত্ব করা;

১২. শ্রম সম্পর্কিত আইন, বিধিমালা, নীতিমালা প্রণয়ন, বাস্তবায়ন ও সংশোধনে সরকার ও বিভিন্ন সরকারি সংস্থাকে সহযোগিতা করা;

২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচকসমূহের উল্লেখযোগ্য অগ্রগতি নিম্নে তুলে ধরা হলো:

(ক) জনবল: শ্রম পরিদপ্তরে ১ম শ্রেণীর ১২১টি পদের বিপরীতে বর্তমানে ৮৮ জন , ২য় শ্রেণীর ৫৭টি পদের বিপরীতে ৩৫ জন, ৩য় শ্রেণীর ৩১৮টি পদের বিপরীতে ২৩৬ জন ও ৪র্থ শ্রেণীর ২১৬টি পদের বিপরীতে ১৮৬ জন সহ সর্বমোট ৭১২ জন কর্মকর্তা-কর্মচারীর বিপরীতে ৫৪৫ জন কর্মকর্তা-কর্মচারী বর্তমানে কর্মরত আছেন । অবশিষ্ট পদগুলো পূরণের জন্য কার্যক্রম চলছে।

শ্রেণী	মঞ্জুরীকৃত পদসংখ্যা	বর্তমানে কর্মরত	শূণ্য পদ
১ম শ্রেণী	১২১	৮৮	৬৩
২য় শ্রেণী	৫৭	৩৫	২২
৩য় শ্রেণী	৩১৮	২৩৬	৮২
৪র্থ শ্রেণী	২১৬	১৮৬	৩০
সর্বমোট	৭১২ জন	**৫৪৫ জন**	**১৬৭ জন**



(খ) নিয়োগ: ২০১৬-১৭ অর্থ বছরে (১ জুলাই ২০১৬ থেকে ৩০জুন ২০১৭ পর্যন্ত) ১ম শ্রেণীর ০৪ জন প্রভাষক ০৪ জন চিকিৎসা কর্মকর্তাসহ ০৮ জন ও ২য় শ্রেণীর ০২জনসহ সর্বমোট ১০জন কর্মকর্তা নিয়োগ প্রাপ্ত হয়েছেন।

(গ) প্রশিক্ষণ / সভা / সেমিনার / সফর ইত্যাদি -

১। অভ্যন্তরীণ প্রশিক্ষণ : শ্রম পরিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের দক্ষতা উন্নয়নের লক্ষে অফিস ব্যবস্থাপনা, অফিস শৃঙ্খলা, আর্থিক বিধি-বিধান, শুদ্ধাচার, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, বাজেট, অন-লাইন কার্যক্রম ইত্যাদি বিষয়ক অভ্যন্তরীণ কর্মশালা শ্রম পরিদপ্তরের প্রধান কার্যালয় ও অধীনস্থ অফিসসমূহে সময় সময়ে অনুষ্ঠান করা হয়ে থাকে। ২০১৬-১৭ অর্থ বছরে ১ জুলাই ১৬ থেকে ৩০ জুন ১৭ পর্যন্ত মোট ৩৮৩ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বাস্তবায়নের লক্ষ্যে এ ধরণের প্রশিক্ষণ অব্যাহত রয়েছে।

অভ্যন্তরীণ (In-House) ঃ

APA মোতাবেক ২০১৬-১৭ অর্থ বছরে লক্ষ্যমাত্রা	২০১৬-১৭ অর্থ বছরে সর্বমোট
প্রশিক্ষণার্থীর সংখ্যা ঃ ২৫০	৪৮০জন
প্রশিক্ষণ ঘন্টা: ২০০	১৮৮ঘন্টা

বিভাগীয় শ্রম দপ্তর চট্রগ্রামে অনুষ্ঠিত নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক আভ্যন্তরীণ কর্মশালায় শ্রম পরিদপ্তরের কর্মকর্তাবৃন্দ

আইআরআই টংগিতে অনুষ্ঠিত নাগরিক সেবায় উদ্ভাবন বিষয়ক আভ্যন্তরীণ কর্মশালার উদ্বোধন করছেন শ্রম পরিচালক জনাব

	আবু হেনা মোস্তফা কামাল

২। **বৈদেশিক সেমিনার/প্রশিক্ষণ:** শ্রম পরিদপ্তরের কর্মকর্তারা আন্তর্জাতিক শ্রমমান বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করে তা দেশে বাস্তবায়নের নিমিত্ত এ প্রশিক্ষণের গুরুত্ব অপরিসীম। তবে, এ প্রসঙ্গে আর্থিক বিষয়টি জড়িত থাকায় বাজেট স্বল্পতার কারণে এবং কখনো কখনো দেশের সামগ্রিক শ্রম পরিস্থিতি নিয়ন্ত্রণ ও শ্রম অসন্তোষ নিরসনের লক্ষ্যে কর্মকর্তাদের সব সময় এ ধরণের প্রশিক্ষণে প্রেরণ করা সম্ভব হয় না। এ প্রশিক্ষণের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে সর্বমোট ১৮ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ গ্রহণ করেছেন। তবে এ কথা অনস্বীকার্য যে, দক্ষতার উন্নয়নের জন্য বৈদেশিক প্রশিক্ষণ অপরিহার্য।

ILC (International Labour Conference) এর ১০৬তম সম্মেলনে শ্রম ও কর্ম সংস্থান মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব মো: মুজিবুল হক, এম,পি এবং শ্রম সচিব জনাব মিকাইল শিপারসহ মন্ত্রণালয়ের অন্যান্য কর্মকর্তা বৃন্দ।

জার্মানিতে অনুষ্ঠিত Tripartite Exchange programme on social Dialogue. পোগ্রামে উপস্থিত শ্রম

মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই এর উদ্যোগে আয়োজিত ইনোভেশন ইন পাবলিক সার্ভিস বিষয়ক কর্মশালায় শ্রম পরিদপ্তরের কর্মকর্তাবৃন্দ

শ্রম পরিদপ্তরের সম্মেলন কক্ষে আইএলও কর্তৃক আয়োজিত ট্রেড ইউনিয়ন রেজিস্ট্রেশন এর স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিওর কর্মশালায় শ্রম পরিদপ্তরের কর্মকর্তাবৃন্দ।

৪। শিল্প সম্পর্ক শিক্ষায়তন ও শ্রম কল্যাণ কেন্দ্রের মাধ্যমে প্রশিক্ষণ : দেশে বিদ্যমান শিল্প প্রতিষ্ঠানে কর্মরত ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, প্রতিষ্ঠানের শ্রমিক কর্মচারী এবং বিভিন্ন পর্যায়ের সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের শ্রম আইন, শ্রম প্রশাসন, শিল্প বিরোধ নিষ্পত্তি, কর্মক্ষেত্রে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এর আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে ৪টি শিল্প সম্পর্ক শিক্ষায়তন ও ২৯টি শ্রম কল্যাণ কেন্দ্রের মাধ্যমে বিভিন্ন কলকারখানা-প্রতিষ্ঠানের শ্রমিক ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সর্বমোট ১২৯৩৯ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে ।

২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী শ্রম পরিদপ্তরাধীন ০৪টি শিল্প সম্পর্ক শিক্ষায়তন ও ২৯টি শ্রম কল্যাণ কেন্দ্রের অধীনে প্রশিক্ষনপ্রাপ্ত প্রশিক্ষানার্থীদের সংখ্যা তথ্যাদি নিম্নে দেয়া হ'ল।

ক্রমিক নং	দপ্তরের নাম	প্রশিক্ষণার্থীর সংখ্যা	**মন্তব্য**
০১	শিল্প সম্পর্ক শিক্ষায়তন, টংগী	১২১৪ জন	
০২	শিল্প সম্পর্ক শিক্ষায়তন, চট্রগ্রাম	৮০৬ জন	
০৩	শিল্প সম্পর্ক শিক্ষায়তন, খুলনা	১৩৫২ জন	
০৪	শিল্প সম্পর্ক শিক্ষায়তন,রাজশাহী	৭৩৬ জন	
০৫	চা- শিল্প শ্রম কল্যাণ বিভাগ শ্রীমঙ্গল	৪৫৫ জন	
০৬	শ্রম কল্যাণ কেন্দ্র,তেজগাঁও,ঢাকা	৪২০ জন	
০৭	শ্রম কল্যাণ কেন্দ্র,টংগী	১০৯০ জন	
০৮	শ্রম কল্যাণ কেন্দ্র,সরিষাবাড়ী ,জামালপুর	৫০৫ জন	
০৯	শ্রম কল্যাণ কেন্দ্র,চাষাড়া ,নারায়নগঞ্জ	২৪৫ জন	
১০	শ্রম কল্যাণ কেন্দ্র,বন্দর নারায়নগঞ্জ	৩৩০ জন	
১১	শ্রম কল্যাণ কেন্দ্র,নরসিংদী	১০০ জন	
১২	শ্রম কল্যাণ কেন্দ্র,ঘোড়াশাল	৮৭৫ জন	
১৩	শ্রম কল্যাণ কেন্দ্র,আশুগঞ্জ	২৮০ জন	
১৪	শ্রম কল্যাণ কেন্দ্র, চাঁদপুর	১০৫ জন	
১৫	শ্রম কল্যাণ কেন্দ্র,ষোলশহর, চট্রগ্রাম	১৪০ জন	
১৬	শ্রম কল্যাণ কেন্দ্র কালুরঘাট, চট্রগ্রাম	১৪০ জন	
১৭	শ্রম কল্যাণ কেন্দ্র, রুপসা, খুলনা	২১০ জন	
১৮	শ্রম কল্যাণ কেন্দ্র,খালিশপুর, খুলনা	৫২০ জন	
১৯	শ্রম কল্যাণ কেন্দ্র, কুষ্টিয়া	৭০ জন	
২০	শ্রম কল্যাণ কেন্দ্র, মংলা, বাগেরহাট	১০৫ জন	
২১	শ্রম কল্যাণ কেন্দ্র, বরিশাল	-	চিকিৎসা কর্মকর্তার পদ শূণ্য থাকায় প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হয়নি।
২২	শ্রম কল্যাণ কেন্দ্র, সপুরা, রাজশাহী	২৮০ জন	

ক্রমিক নং	দপ্তরের নাম	প্রশিক্ষণার্থীর সংখ্যা	**মন্তব্য**
২৩	শ্রম কল্যাণ কেন্দ্র, বগুড়া	১০৫ জন	
২৪	শ্রম কল্যাণ কেন্দ্র, সিরাজগঞ্জ	১০৫ জন	
২৫	শ্রম কল্যাণ কেন্দ্র, সৈয়দপুর, নিলফামারী	-	চিকিৎসা কর্মকর্তার পদ শূণ্য থাকায় প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হয়নি।
২৬	শ্রম কল্যাণ কেন্দ্র,গাইবান্ধা	-	চিকিৎসা কর্মকর্তার পদ শূণ্য থাকায় প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হয়নি।
২৭	শ্রম কল্যাণ কেন্দ্র,ফুসকুড়ি শ্রীমঙ্গল মৌলভীবাজার	৯৯	
২৮	শ্রম কল্যাণ কেন্দ্র,পাত্রখোলা.কমলগঞ্জ মৌলভীবাজার	-	চিকিৎসা কর্মকর্তার পদ শূণ্য থাকায় প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হয়নি।
২৯	শ্রম কল্যাণ কেন্দ্র,কাপনাপাহাড়, কুলাউড়া, মৌলভীবাজার	৬০ জন	
৩০	শ্রম কল্যাণ কেন্দ্র,লোয়াইউনি,কুলাউড়া, মৌলভীবাজার	১৭৫ জন	
৩১	শ্রম কল্যাণ কেন্দ্র,শমসেরনগর,কমলগঞ্জ মৌলভীবাজার	২১০ জন	
৩২	শ্রম কল্যাণ কেন্দ্র,চন্ডিছড়া চুনারুঘাট, হবিগঞ্জ	-	চিকিৎসা কর্মকর্তার পদ শূণ্য থাকায় প্রশিক্ষণ প্রদান করা সম্ভব হয়নি।
৩৩	শ্রম কল্যাণ কেন্দ্র,চিকনাগুল,সিলেট	১৩৭ জন	
মোট		**১২৯৩৯ জন**	

শ্রম কল্যাণ কেন্দ্র,তেজগাও শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্সে বক্তব্য রাখছেন শ্রম পরিচালক জনাব আবু হেনা মোস্তফা কামাল

শিল্প সম্পর্ক শিক্ষায়তন, খুলনা কর্তৃক আয়োজিত ০৫দিন ব্যাপী শ্রম আইন বিষয়ক শ্রমিক শিক্ষা

টংগী শিল্প সম্পর্ক শিক্ষায়তনে ০৫দিন ব্যাপী শ্রম আইন বিষয়ক শ্রমিক শিক্ষা প্রশিক্ষণ কোর্সের একাংশ

(ঘ) ট্রেড ইউনিয়ন রেজিষ্ট্রেশন : সুষ্ঠু শিল্প সম্পর্ক, কর্মস্থলে সহযোগিতা ও শ্রমিকদের অধিকার রক্ষায় বিভিন্ন কলকারখানা ও প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিকদের আইনানুগ প্রক্রিয়া সম্পাদন করে ট্রেড ইউনিয়ন সংগঠনের রেজিষ্ট্রেশন প্রদান করা হয়ে থাকে। ২০১৬-১৭ অর্থ বছরে সর্বমোট ২০৮টি ট্রেড ইউনিয়ন নিবন্ধিত হয়েছে। শ্রম পরিদপ্তরের প্রধান কার্যালয়সহ ০৪টি বিভাগীয় শ্রম দপ্তর কর্তৃক প্রদানকৃত রেজিষ্ট্রেশনের তথ্যাদি নিম্নরূপ:

ক্রমিক নং	বিভাগ	রেজিষ্ট্রেশন সংখ্যা
১.	শ্রম পরিদপ্তর, প্রধান কার্যালয়	০৯
২.	ঢাকা	৭৮
৩.	চট্টগ্রাম	১৩
৪.	রাজশাহী	৪৭
৫.	খুলনা	৬১
সর্বমোট		**২০৮টি**



(ঙ) যৌথ দরকষাকষি প্রতিনিধি (সিবিএ) নির্বাচন : যে সকল প্রতিষ্ঠানে একাধিক ট্রেড ইউনিয়ন বিদ্যমান সে সকল প্রতিষ্ঠানে শ্রমিকদের যৌথ দরকষাকষি নির্ধারণের লক্ষ্যে শ্রম পরিদপ্তর কর্তৃক যৌথ দরকষাকষি প্রতিনিধি (সি,বি,এ) নির্ধারণী নির্বাচন অনুষ্ঠান করে থাকে।

২০১৬-১৭ অর্থ বছরে ১ জুলাই ১৬ থেকে ৩০ জুন ১৭ পর্যন্ত মোট ০২টি প্রতিষ্ঠানে যৌথ দরকষাকষি প্রতিনিধি (সি,বি,এ) নির্ধারণী নির্বাচন অনুষ্ঠিত হয়েছে।

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর এ সিবিএ নির্ধারনী নির্বাচনে সুশৃঙ্খল পরিবেশে শমিকগণ ভোট প্রদান করছেন।

(চ) পার্টিসিপেশন কমিটির নির্বাচন : বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ অনুযায়ী সকল প্রতিষ্ঠানে শ্রমিকদের পার্টিসিপেশন কমিটির গঠন করার বাধ্যবাধকতা রয়েছে। সাধারণ ৫০ বা ততোধিক শ্রমিক কর্মরত এমন প্রতিষ্ঠানে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এবং প্রতিষ্ঠানের শ্রমমিকদের মধ্যে সমান সংখ্যক প্রতিনিধি (৬ জনের কম এবং ৩৫ জনের বেশী নয়) নিয়ে পার্টিসিপেশন কমিটি গঠন করার বিধান রয়েছে। প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদের ভোটে শ্রমিক পক্ষের প্রতিনিধি এবং মালিক পক্ষের কর্তৃক মনোনীত মালিক পক্ষের প্রতিনিধি নিয়ে পার্টিসিপেশন কমিটি গঠিত হয়ে থাকে। বর্ণিত বিধিমালা জারীর পর এ পর্যন্ত ১৮২ টি প্রতিষ্ঠানে পার্টিসিপেশন কমিটির নির্বাচন অনুষ্ঠিত হয়েছে ।

ভিনটেজ গার্মেন্টস লি:, আশুলিয়া, ঢাকা-এ পার্টিসিপেশন কমিটির নির্বাচনে ভোট গ্রহণ কেন্দ্রে ভোট প্রদানের লক্ষ্যে শ্রমিকগণ ব্যালট হাতে লাইনে সারিবদ্ধভাবে দাড়িয়ে অপেক্ষা

(ছ) শ্রম বিরোধ নিষ্পত্তি : বিভিন্ন শ্রেণী-পেশায় নিয়োজিত শ্রমিকদের বিভিন্ন দাবী-দাওয়া সিবিএ'র মাধ্যমে আনুষ্ঠানিক বা অনানুষ্ঠানিক ভাবে উত্থাপিত হওয়াকেই শ্রম আইনে শিল্প বিরোধ বা শ্রম বিরোধ নামে অভিহিত করা হয়ে থাকে। সাধারণতঃ শ্রমিকের চাকুরীর শর্তাবলী ও কর্মস্থলে সহযোগিতা ইত্যাদি বিষয়কে সামনে রেখে শ্রম বিরোধ উত্থাপিত হয়ে থাকে। ২০১৬-১৭ অর্থ বছরে সালিশ কার্যক্রমের মাধ্যমে সর্বমোট শ্রম বিরোধ নিষ্পত্তি হয়েছে ১০৫টি ।

পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড এর সিবিএর দ্বিবার্ষিক চুক্তিনামায় মধ্যস্থতা করছেন শ্রম পরিচালক মহোদয় জনাব আবু হেনা মোস্তফা কামাল
।

জ) শ্রম কল্যাণ কেন্দ্রের মাধ্যমে স্বাস্থ্য সেবা প্রদান : শ্রম পরিদপ্তরাধীন ২৯টি শ্রম কল্যাণ কেন্দ্রের মাধ্যমে শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের বিনা মূল্যে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়। এ সেবা প্রদানের জন্য প্রতিটি শ্রম কল্যাণ কেন্দ্রে এক জন চিকিৎসা কর্মকর্তা নিয়োজিত আছেন। শ্রম পরিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৬-১৭ বাস্তবায়নের লক্ষ্যে শ্রম পরিদপ্তরাধীন অফিস সমূহের সাথে শ্রম পরিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৬-১৭ স্বাক্ষরিত হয় । ২০১৬-১৭ অর্থ বছরে মোট ৫৯২৫৭ জন শ্রমিক ও তার পরিবারের সদস্যদের স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে।

ষোলশহর শ্রম কল্যাণ কেন্দ্রে চিকিৎসা সেবা প্রদান করছেন কেন্দ্রের চিকিৎসা কর্মকর্তা ডাঃ মোঃ গোলাম নুর।

তেজগাঁও শ্রম কল্যাণ কেন্দ্রে চিকিৎসা সেবা প্রদান করছেন কেন্দ্রের চিকিৎসা কর্মকর্তা ডাঃ সৈয়দা নুরুন নাহার ইসলাম।

টংগী শ্রম কল্যাণ কেন্দ্রে শ্রমিকদের চিকিৎসা সেবা প্রদান করছেন কেন্দ্রের চিকিৎসা কর্মকর্তা ডাঃ ফৈরদৌস আক্তার

ঘোড়াশাল শ্রম কল্যাণ কেন্দ্রে শ্রমিকদের চিকিৎসা সেবা প্রদান করছেন কেন্দ্রের চিকিৎসা কর্মকর্তা ডাঃ আলপনা সরকার।

চাষাড়া শ্রম কল্যাণ কেন্দ্রে চিকিৎসা সেবা প্রদান করছেন কেন্দ্রের চিকিৎসা কর্মকর্তা ডাঃ রিফাত মেহজাবিন।	খালিশপুর শ্রম কল্যাণ কেন্দ্রে চিকিৎসা সেবা প্রদান করছেন কেন্দ্রের চিকিৎসা কর্মকর্তা ডাঃ চাঁদ মোহাম্মদ ।

(ঝ) শ্রম কল্যাণ কেন্দ্রের মাধ্যম পরিবার পরিকল্পনা সেবা প্রদান : শ্রম পরিদপ্তরাধীন ২৯টি শ্রম কল্যাণ কেন্দ্রের মাধ্যমে শ্রমিক ও তাদের পরিবারের সদস্যদের বিনা মূল্যে পরিবার পরিকল্পনা সেবা প্রদান করা হয়। এ সেবা প্রদানের জন্য প্রতিটি শ্রম কল্যাণ কেন্দ্রে এক জন জনসংখ্যা ও পরিবার কল্যাণ কর্মকর্তা নিয়োজিত আছেন। শ্রম পরিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৬-১৭ বাস্তবায়নের লক্ষ্যে শ্রম পরিদপ্তরাধীন অফিস সমূহের সাথে শ্রম পরিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৬-১৭ স্বাক্ষরিত হয়। ২০১৬-১৭ অর্থ বছরে মোট ৩৭৬৯১ জন শ্রমিক ও তার পরিবারের সদস্যদের পরিবার পরিকল্পনা সেবা প্রদান করা হয়েছে।

তেজগাঁও শ্রম কল্যাণ কেন্দ্রে শ্রমিকদের মাঝে পরিবার পরিকল্পনা সেবা প্রদান করছেন কেন্দ্রের চিকিৎসা কর্মকর্তা ডাঃ সৈয়দা নুরুন নাহার ইসলাম।	সপুরা শ্রম কল্যাণ কেন্দ্রে শ্রমিকদের মাঝে পরিবার পরিকল্পনা সেবা প্রদান করা হচ্ছে।

(ঞ) শ্রম কল্যাণ কেন্দ্রের মাধ্যম বিনোদনমূলক সেবা প্রদান : শ্রমিক ও তার পরিবারের মধ্যে বিনোদনমূলক সেবা নিশ্চিত করার লক্ষ্যে শ্রম পরিদপ্তরের আওতাধীন ২৯টি শ্রম কল্যাণ কেন্দ্রসমূহের মাধ্যমে বিনোদনমূলক সেবা প্রদান করা হয়ে থাকে। ২০১৬-১৭ অর্থ বছরে ২৯টি শ্রম কল্যাণ কেন্দ্রের মাধ্যমে বিনোদনমূলক সেবা দেয়া হয়েছে সর্বমোট ১১৬৩৭০ জন শ্রমিক ও তার পরিবারের সদস্যগণকে সেবা প্রদান করা হয়েছে ।

শ্রম কল্যাণ কেন্দ্র, বন্দর, নারায়নগঞ্জে বই পড়ছে শ্রমিকগণ	শ্রম কল্যাণ কেন্দ্র, কাপনাপাহাড়, কুলাউড়া, মৌলভীবাজার এর আঙ্গিনায় শ্রমিকগণ ফুটবল খেলছেন।

(ট) সেবা সহজীকরণ:

২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী শ্রম পরিদপ্তরের সেবাসমূহ আরও সহজ ও সংশ্লিষ্টদের দোর গোড়ায় পৌঁছানোর জন্য শ্রম পরিদপ্তর "শ্রমিকের স্বাস্থ্যকথা" নামে একটি মোবাইল অ্যাপস তৈরি করেছে।এছাড়া, শ্রমিক ও শ্রম সংক্রান্ত যে কোন অভিযোগ, এন্টি ইউনিয়ন ডিসক্রিমিনেশনকে স্বল্প সময়ের মধ্যে নিষ্পত্তি করার লক্ষ্যে হট-লাইন কার্যক্রমও চালু করা হয়েছে। শ্রম সংশ্লিষ্ট যে কেউ এ সুবিধা গ্রহণ করতে পারে।

শ্রম পরিদপ্তর ও এর অধীনস্থ সেবা প্রদানকারী বিভিন্ন অফিসমুহের নাম ও ঠিকানা

ক্রমিক	দপ্তরের নাম	ঠিকানা
১.	শ্রম পরিদপ্তর	শ্রম ভবন, ৪নং রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।
২.	ঢাকা বিভাগীয় শ্রম দপ্তর	শ্রম ভবন (৮ম ও ৯ম তলা) ৪নং রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।
৩.	চট্টগ্রাম বিভাগীয় শ্রম দপ্তর	জাম্বুরীমাঠ, আগ্রাবাদ, চট্টগ্রাম।
৪.	খুলনা বিভাগীয় শ্রম দপ্তর	বয়রা, খুলনা।
৫.	রাজশাহী বিভাগীয় শ্রম দপ্তর	গ্রেটার রোড, রাজশাহী।
৬.	শিল্প সম্পর্ক শিক্ষায়তন	মন্নুনগর, টঙ্গী, গাজীপুর।
৭.	শিল্প সম্পর্ক শিক্ষায়তন	পলিটেকনিক ইনস্টিটিউট, নাসিরাবাদ, চট্টগ্রাম।
৮.	শিল্প সম্পর্ক শিক্ষায়তন	সোনালী জুট মিলস, মীরেরডাঙ্গা, খুলনা।
৯.	শিল্প সম্পর্ক শিক্ষায়তন	ক্যান্টনমেন্ট, তেরখাদা, রাজশাহী।
১০.	আঞ্চলিক শ্রম দপ্তর	চকসূত্রাপুর, বগুড়া।
১১.	চা-শিল্প শ্রম কল্যাণ বিভাগ	১০নং ভানু গাছ রোড, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
১২.	আঞ্চলিক শ্রম দপ্তর	চাষাড়া, নারায়ণগঞ্জ।
১৩.	আঞ্চলিক শ্রম দপ্তর	মন্নুনগর, টঙ্গী, গাজীপুর।
১৪.	আঞ্চলিক শ্রম দপ্তর	সাটিরপাড়া, নরসিংদী।
১৫.	আঞ্চলিক শ্রম দপ্তর	জেলা প্রশাসকের কার্যালয়, ভবন নং-২, কক্ষ নং-২০৫, সিলেট।
১৬.	আঞ্চলিক শ্রম দপ্তর	হোল্ডিং নং-১০৩, ব্লক-এ, কলাবাগান হাউজিং, ধর্মপুর, কুমিল্লা।
১৭.	আঞ্চলিক শ্রম দপ্তর	পুরাণ বাজার, চাঁদপুর।
১৮.	আঞ্চলিক শ্রম দপ্তর	৫ নং মাহতাব উদ্দিন রোড, কুষ্টিয়া।
১৯.	আঞ্চলিক শ্রম দপ্তর	মংলা, বাগেরহাট।
২০.	আঞ্চলিক শ্রম দপ্তর	মুলাটোলা, রংপুর।
২১.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	তেজগাঁও, ঢাকা।
২২.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	মন্নুনগর, টঙ্গী, গাজীপুর।
২৩.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	শিমলা বাজার, সরিষাবাড়ী, জামালপুর।
২৪.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	চাষাড়া, নারায়নগঞ্জ।
২৫.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	বন্দর, নারায়নগঞ্জ।
২৬.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	সাটিরপাড়া, নরসিংদী।
২৭.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	পলাশ, ঘোড়াশাল, নরসিংদী।
২৮.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়ীয়া।
২৯.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	পুরাণ বাজার, চাঁদপুর।
৩০.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	ষোলশহর, পলিটেকনিক ইনস্টিটিউট, নাসিরাবাদ, চট্টগ্রাম ।
৩১.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	কালুরঘাট, চাঁন্দগাও, চট্টগ্রাম
৩২.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	আমানতগঞ্জ, বরিশাল।
৩৩.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	মংলা, বাগেরহাট।
৩৪.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	খালিশপুর, খুলনা।
৩৫.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	রূপসা, খুলনা।
৩৬.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	৫নং মাহতাব উদ্দিন রোড, কুষ্টিয়া।
৩৭.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	সৈয়দপুর, নীলফামারী।
৩৮.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	গোডাউন রোড, গাইবান্ধা।
৩৯.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	চকসুত্রাপুর, বগুড়া।
৪০.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	সপুরা, রাজশাহী।
৪১.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	ফজলুল হক রোড, মিরপুর, সিরাজগঞ্জ।
৪২.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	লালমনিরহাট।
৪৩.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	ফুসকুড়ি, খেজুরীছড়া, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।
৪৪.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	সমশেরনগর, কমলগঞ্জ, মৌলভীবাজার।
৪৫.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	চিকনাগুল, খান চা-বাগান, সিলেট।
৪৬.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	পাত্রখোলা চা বাগান, কমলগঞ্জ, মৌলভীবাজার।
৪৭.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	লোয়াইউনি চা-বাগান, কাজলধারা, কুলাউড়া, মৌলভীবাজার।
৪৮.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	কাপনাপাহাড় চা-বাগান, জুরি, মৌলভীবাজার।
৪৯.	সরকারী শ্রম কল্যাণ কেন্দ্র	চন্ডিছড়া চা-বাগান, চুনারুঘাট, হবিগঞ্জ।

শ্রম আপীল ট্রাইব্যুনাল ও ৭টি শ্রম আদালত

৪৩ আঞ্জুমান মফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা।

www.lat.gov.bd

১০.০.০ শ্রম আপীল ট্রাইব্যুনাল ও ৭টি শ্রম আদালত

শ্রম আপীল ট্রাইব্যুনাল ও ৭টি শ্রম আদালতের শ্রমিক ও মালিক পক্ষের শিল্প বিরোধ সম্পর্কিত অমিমাংসিত বিষয়ে রায় প্রদানসহ বিচার বিভাগীয় কার্যাবলী সম্পন্ন করে থাকে। ৭টি শ্রম আদালতে দায়েরকৃত মামলাসমূহ প্রাথমিকভাবে সংশ্লিষ্ট শ্রম আদালতের মাননীয় চেয়ারম্যানগণ(জেলা ও দায়রা জজ) কর্তৃক রায় প্রদান করা হয়। শ্রম আদালতের রায়ের বিরুদ্ধে সংক্ষুদ্ধ পক্ষ শ্রম আপীল ট্রাইব্যুনালে আপীল দায়ের করতে পারে। সংক্ষুদ্ধ পক্ষ শ্রম আপীল ট্রাইব্যুনালে আপীল দায়ের করলে মাননীয় চেয়ারম্যান (বিচারপতি) ও মাননীয় সদস্য এ বিষয়ে রায় প্রদান করেন।

শ্রম আপীল ট্রাইব্যুনাল ও ৭টি শ্রম আদালতের অবস্থানঃ

ক্র/নং	আদালতের নাম	অবস্থান
১।	শ্রম আপীল ট্রাইব্যুনাল	৪৩ আঞ্জুমান মফিদুল ইসলাম রোড, কাকরাইল, ঢাকা।
২।	১ম শ্রম আদালত, ঢাকা।	শ্রম ভবন, ৪নং রাজউক এভিনিউ, ঢাকা।
৩।	২য় শ্রম আদালত, ঢাকা	শ্রম ভবন, ৪নং রাজউক এভিনিউ, ঢাকা।
৪।	৩য় শ্রম আদালত, ঢাকা।	শ্রম ভবন, ৪নং রাজউক এভিনিউ, ঢাকা।
৫।	১ম শ্রম আদালত, চট্টগ্রাম।	৮ কাতালগঞ্জ, চকবাজার, চট্টগ্রাম।
৬।	২য় শ্রম আদালত, চট্টগ্রাম।	৮ কাতালগঞ্জ, চকবাজার, চট্টগ্রাম।
৭।	বিভাগীয় শ্রম আদালত, রাজশাহী	শ্রম ভবন, গ্রেটার রোড, রাজশাহী।
৮।	বিভাগীয় শ্রম আদালত, খুলনা।	১৪,স্যার ইকবাল রোড, খুলনা।

১০.০১। মামলা সংক্রান্ত তথ্যঃ

ক্র/নং	দায়েরকৃত মামলা (২০১৬-২০১৭)	নিষ্পত্তিকৃত মামলা (২০১৬-২০১৭)	অনিষ্পন্ন মামলা (২০১৬-২০১৭)	মন্তব্য
১.	৬,৭৩৮	৬,০০০	৭৩৮	-

নিম্নতম মজুরী বোর্ড
২২/১, তোপখানা রোড, বাশিকপ ভবন (৬ষ্ঠ তলা)
সেগুন বাগিচা, ঢাকা-১০০০
www.mwb.gov.bd

১১.০.০ নিম্নতম মজুরি বোর্ড

নিম্নতম মজুরী বোর্ড সরকার কর্তৃক প্রেরিত বাংলাদেশের যে কোন ব্যক্তিমালিকানাধীন বা বেসরকারী শিল্প প্রতিষ্ঠানে নিয়োজিত শ্রমিক-কর্মচারীদের নিম্নতম মজুরী হার নির্ধারণপূর্বক সরকারের নিকট সুপারিশ পেশ করে থাকে। সরকার কর্তৃক প্রেরিত শিল্প সেক্টরের শ্রমিক-কর্মচারীদের মজুরী নির্ধারণের জন্য চেয়ারম্যানসহ একজন নিরপেক্ষ স্থায়ী সদস্য, একজন মালিকপক্ষের স্থায়ী সদস্য, একজন শ্রমিকপক্ষের স্থায়ী সদস্য এবং সংশ্লিষ্ট শিল্পের মালিক ও শ্রমিকপক্ষের ২ জন সদস্য অর্থাৎ মোট ৬ জন সদস্য নিয়ে নিম্নতম মজুরী বোর্ড গঠিত।

সরকার কর্তৃক গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে বেসরকারী নির্দিষ্ট কোন শিল্প সেক্টরের মালিক ও শ্রমিক পক্ষের সদস্য মনোনয়নপূর্বক এ বোর্ডকে বিধি মোতাবেক নিম্নতম মজুরী নির্ধারণের কার্যক্রম গ্রহণের অনুরোধ করার পর বোর্ডের চেয়ারম্যান বিধি অনুযায়ী সভা আহবানের মাধ্যমে সংশ্লিষ্ট শিল্পের শ্রমিকদের নিম্নতম মজুরী নির্ধারণের কার্যক্রম গ্রহণ করেন। ব্যক্তিমালিকানাধীন বা বেসরকারী নির্দিষ্ট কোন শিল্পের সার্বিক অবস্থা, শ্রমিকদের জীবনযাপন ব্যয়, জীবনযাপনের মান, উৎপাদন খরচ, উৎপাদনশীলতা, উৎপাদিত দ্রব্যের মূল্য, মুদ্রাস্ফীতি, কাজের ধরণ, ঝুঁকি ও মান, ব্যবসায়িক সামর্থ, দেশের এবং সংশ্লিষ্ট এলাকার আর্থ-সামাজিক অবস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক বিষয় বিবেচনাপূর্বক এবং প্রয়োজনে সংশ্লিষ্ট শিল্প পরিদর্শনপূর্বক প্রাপ্ত বিভিন্ন তথ্য বিশ্লেষণ করে সভায় উপস্থিত সকল/সংখ্যাগরিষ্ঠ সদস্যদের মতামতের ভিত্তিতে শ্রমিক কর্মচারীদের নিম্নতম মজুরী হারের খসড়া সুপারিশ গেজেট বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণের/ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য প্রচার করা হয় (১ম ধাপ)। খসড়া সুপারিশ প্রকাশের ১৪ দিনের মধ্যে প্রাপ্ত আপত্তি/সুপারিশ/মতামত ইত্যাদি বোর্ড সভায় বিবেচনা করে চূড়ান্ত সুপারিশ প্রণয়নর্পূবক সরকারের নিকট পেশ করা হয় (২য় ও শেষ ধাপ)। সরকার কর্তৃক উক্ত চূড়ান্ত "সুপারিশ" গৃহিত হলে গেজেটের মাধ্যমে আইনে পরিণত হয়।

নিম্নতম মজুরী বোর্ড এ পর্যন্ত মোট ৪২টি বেসরকারী শিল্প সেক্টরের মধ্যে ৩৮টি সেক্টরে কর্মরত শ্রমিকদের মজুরী পুনঃনির্ধারণ করা হয়েছে। উক্ত ৩৮টি শিল্প সেক্টরের মধ্যে ২০১৬-১৭ অর্থবছরে ০৭টি শিল্প সেক্টরের নিম্নতম মজুরী পুনঃনির্ধারণ করা হয়েছে। অবশিষ্ট ০৪টি শিল্প সেক্টরের মজুরী পুনঃনির্ধারণের কাজ চলমান আছে।

জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল সচিবালয়

টেলিকম ট্রেনিং সেন্টার ভবন
তেজগাও শি/এ, ঢাকা।
www.nsdc.gov.bd

১২.০.০ National Skill Development Council (NSDC) সচিবালয়

১. এনএসডিসি সচিবালয় পরিচিতি

দেশে সরকারি ও বেসরকারি পর্যায়ে দক্ষতা উন্নয়নের জন্য শিক্ষা ও প্রশিক্ষণ সংক্রান্ত সকল কার্যক্রমের সর্বোচ্চ কর্তৃপক্ষ অর্থাৎ এ্যাপেক্স বডি হিসেবে জাতীয় দক্ষতা উন্নয়ন পরিষদ (National Skills Development Council) গঠিত হয়। মাননীয় প্রধানমন্ত্রী এ পরিষদের চেয়ারপার্সন এবং সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সদস্য-সচিব।
একই সাথে এ কাউন্সিলের কার্যপরিধি বাস্তবায়নের জন্য একটি কার্যনির্বাহী কমিটি Executive Committee of National Skills Development Council (ECNSDC) গঠন করা হয়। সচিব, শিক্ষা মন্ত্রণালয় এবং সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ইনিএনএসডিসি'র কো-চেয়ারপার্সন। জনাব সালাউদ্দিন কাশেম খান, চেয়ারম্যান, চট্টগ্রাম স্কীল ডেভেলপমেন্ট সেন্টার বেসরকারি খাতের প্রতিনিধি হিসেবে উক্ত কমিটির অপর কো-চেয়ারপার্সন। প্রধান নির্বাহী কর্মকর্তা, এনএসডিসি সচিবালয় এ কমিটির সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।
জাতীয় দক্ষতা উন্নয়ন পরিষদ (এনএসডিসি) ও এনএসডিসি'র কার্যকরী কমিটি(ইসিএনএসডিসি)কে সাচিবিক সহায়তা প্রদানসহ কাউন্সিলের নির্দেশনাসমূহ বাস্তবায়ন, জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ এর বাস্তবায়ন, কর্মপরিকল্পনা (Action Plan) প্রণয়ন ও বাস্তবায়ন এবং এর সাথে সংশ্লিষ্ট সংস্থাসমূহের মধ্যে যোগাযোগ ও সমন্বয় সাধনের জন্য এনএসডিসি-সচিবালয় প্রতিষ্ঠা করা হয়েছে। মানব সম্পদের দক্ষতা উন্নয়নের শীর্ষ সরকারি সংস্থা জাতীয় দক্ষতা উন্নয়ন পরিষদ (এনএসডিসি) ও ইসিএনএসডিসিকে সাচিবিক সহায়তা প্রদানের পাশাপাশি দক্ষতা উন্নয়ন সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি-বেসরকারি ও উন্নয়ন সহযোগিদের সাথে দক্ষতা উন্নয়ন বিষয়ে এনএসডিসি-সচিবালয় সার্বিক সমন্বয় করে থাকে।

২. সাংগঠনিক কাঠামো

প্রথম শ্রেণির নয়জন কর্মকর্তা ছাড়াও এনএসডিসি সচিবালয়ের সাংগঠনিক কাঠামোতে একটি হিসাব রক্ষক, আটটি কম্পিউটার অপারেটর-কাম-অফিস সহকারী এবং আউটসোর্সিং এর মাধ্যমে পূরণযোগ্য দুইটি ড্রাইভার ও ছয়টি চতুর্থ শ্রেণির অনুমোদিত পদ রয়েছে। সচিবালয়ের সাংগঠনিক মযাদা নির্ধারিত না হওয়ায় নিয়োগ বিধিমালা চূড়ান্ত করা সম্ভব হয়নি। ফলে হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব সহকারী ও কম্পিউটার অপারেটর-কাম-অফিস সহকারীর ১০টি পদে কোন লোক নিয়োগ করা যায়নি। সেকরকারী খাতের সহযোগিতায় প্রাপ্ত একজন হিসাব রক্ষক ও এসইআইপি প্রকল্প থেকে প্রাপ্ত চারজন সহকারী সচিবালয় পরিচালনায় সাহায্য করছেন।

এনএসডিসি সচিবালয়ের প্রশাসনিক কাঠামো



৩. এনএসডিসি সচিবালয় কর্তৃক বাস্তবায়িত উল্লেখযোগ্য কার্যাবলী

জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ বাস্তবায়নে এনএসডিসি ও ইসিএনএসডিসি কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ প্রতিপালনের ক্ষেত্রে এনএসডিসি-সচিবালয় সাচিবিক দায়িত্ব পালন করছে। এ ছাড়াও এনএসডিসি-সচিবালয় এনএসডিসি কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সরকারের দক্ষতা উন্নয়ন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তর/দপ্তর, আন্তর্জাতিক সংস্থা ও বিভিন্ন স্টেকহোল্ডারদের মধ্যে আনুষ্ঠানিক যোগাযোগ, আলোচনা, সভা অনুষ্ঠান,ওয়ার্কশপ/সেমিনার আয়োজনের মাধ্যমে সমন্বয় সাধন করে থাকে।

আলোচ্য বছরে এনএসডিসি সচিবালয় কর্তৃক সম্পাদিত উল্লেখযোগ্য কার্যাবলী নিম্নরূপ:

১। এনএসডিসি'র চতুর্থ সভার আয়োজন;
২। ইসিএনএসডিসি'রচারটি সভার আয়োজন;
৩। উন্নয়ন সহযোগীদের সাথে স্কিলস ডেভেলপমেন্ট ওয়ার্কিং গ্রুপের দুইটি সভার আয়োজন;
৪। এনএসডিএ অ্যাক্ট এর খসড়া প্রণয়ন;
৫। এনএসডিসি কর্মপরিকল্পনার দ্বিতীয় পর্যায় প্রণয়ন সংক্রান্ত কর্মশালার আয়োজন;
৬। জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ পুণঃরীক্ষণ সংক্রান্ত কর্মশালার আয়োজন;
৭। জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি-২০১১ অবহিতকরণ কর্মশালার আয়োজন;
৮। এনটিভিকিউএফ চালুকরণ বিষয়ক একটি সভার আয়োজন;
৯। আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধির সাথে সভার আয়োজন;
১০। জেন্ডার কৌশলপত্র প্রণয়ন ~~ও বাস্তবায়ন সংক্রান্ত কর্মশালার আয়োজন~~;
১১। প্রতিবন্ধীদের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণে অন্তর্ভুক্তির কৌশলপত্র চূড়ান্তকরণ কর্মশালার আয়োজন;
১২। এপ্রেনটিস স্ট্র্যাটেজি চূড়ান্তকরণ বিষয়ক কর্মশালার আয়োজন;
১৩। ফার্ণিচার শিল্প ও ফার্মাসিউটিক্যাল শিল্পের উপর দুইটি গবেষণা কার্যক্রম পরিচালনা;
১৪। টিভিইটি সিস্টেমের উপর ১৯টি গবেষণা কার্যক্রম পরিচালনা;

১৫। এনএসডিসি সচিবালয়ের কার্যক্রম উন্নয়নে আভ্যন্তরীন কর্মশালার আয়োজন এবং
১৬। আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন কর্মসূচিতে অংশগ্রহণ।

৪. এনএসডিসি ৪র্থ সভা

মাননীয় প্রধানমন্ত্রী ও এনএসডিসি'র চেয়ারপার্সন শেখ হাসিনা এর সভাপতিত্বে ৫ অক্টোবর ২০১৬ তারিখ সকাল ১১.০০টায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের "চামেলী" সম্মেলন কক্ষে জাতীয় দক্ষতা উন্নয়ন কাউন্সিল (এনএসডিসি)-এর ৪র্থ সভা অনুষ্ঠিত হয়। মাননীয় প্রধানমন্ত্রী ও এনএসডিসি'র চেয়ারপার্সন উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন।তিনি তাঁর সূচনা বক্তব্যে দেশকে দ্রুত উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যেতে জনবলের দক্ষতা উন্নয়নের ওপর অধিক গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, মিলিনিয়াম ডেভেলপমেন্ট গোল (এমডিজি) অর্জনে বাংলাদেশের সাফল্য সমগ্র বিশ্বে প্রশংসিত হয়েছে এবং সাসটেইনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি) অর্জনের লক্ষ্যে গৃহীত পরিকল্পনা বাস্তবায়নে মন্ত্রণালয়গুলো নিজ নিজ কৌশল নির্ধারণ করবে। তিনি আরও বলেন, দেশে নতুন ১০০টি অর্থনৈতিক অঞ্চল স্থাপন করা হচ্ছে যেখানে দেশী-বিদেশী ও বিদেশ প্রত্যাগত বাংলাদেশী নাগরিকদের বিনিয়োগের প্রচুর সম্ভাবনা রয়েছে। এ সকল অঞ্চলে প্রচুর দক্ষ জনশক্তির কর্মসংস্থানের প্রয়োজনে আমাদেরকে আধুনিক প্রযুক্তিজ্ঞান সম্পন্ন দক্ষ শ্রমশক্তি গড়ে তুলতে হবে। তিনি তাঁর বক্তব্যে বলেন, বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বলতর হয়েছে এবং তা অক্ষুন্ন রাখতে দেশের মানুষের কল্যাণ চিন্তা করে স্বল্প-দীর্ঘ মেয়াদী পরিকল্পনা, সুনির্দিষ্ট লক্ষ্য ও নীতিমালা প্রণয়ন করতে হবে। স্বাধীনতার মহান স্থপতি **বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান-এর** ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার বাংলা গড়ার স্বপ্ন বাস্তবায়ন এবং দেশকে সমৃদ্ধশালী করে গড়ে তুলতে দেশের তৃণমূল থেকে শীর্ষ পর্যায়ের সকল জনগণের মেধা, শক্তি ও কর্মদক্ষতাকে কাজে লাগানোর সুযোগ সৃষ্টি করতে হবে।

এনএসডিসি'র ৪র্থ সভায় মাননীয় শিক্ষা মন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত মাননীয় প্রতিমন্ত্রী, মন্ত্রিপরিষদ সচিব, মূখ্য সচিব, সিনিয়র সচিব অর্থ বিভাগ, সিনিয়র সচিব ইআরডি, সিনিয়র সচিব স্বরাষ্ট্র, শ্রম সচিব, সমাজকল্যাণ সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন সচিব, মহিলা ও শিশু বিষয়ক সচিব, সভাপতি এফবিসিসিআই, সভাপতি বিকেএমইএ, সভাপতি বিজিএমইএ, সভাপতি বিইএফ, মিসেস লায়লা রহমান কবীরসহ অন্যান্য সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনান্তে এনএসডিসি'র ৪র্থ সভায় কতিপয় গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত গৃহীত হয়।

এনএসডিসি চতুর্থ সভার সিদ্ধান্তসমূহঃ

(ক) আগামী ৩১ অক্টোবর ২০১৬ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ সচিবের নেতৃত্বে সভা আয়োজন করে এনএসডিসি সচিবালয়ের স্ট্যাটাস বিষয়ক প্রস্তাব সরকারের নিকট উপস্থাপন করতে হবে।

(খ) জাতীয় দক্ষতা উন্নয়ন ও কর্মসংস্থান আইন, ২০১৬-এর খসড়া প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটিতে বেসরকারি প্রতিনিধিদের উপস্থিতিতে পর্যালোচনা করে ২ (দুই) মাসের মধ্যে চূড়ান্ত করতে হবে।

(গ) প্রতিবন্ধীদের কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা ও প্রশিক্ষণে অন্তর্ভুক্তির কৌশলপত্রে নারী প্রতিবন্ধীদের অন্তর্ভুক্তির বিষয়ে কোটা বরাদ্দে শতকরা হারের পরিবর্তে "নারী প্রতিবন্ধীদের অগ্রাধিকার প্রদান করা হবে" মর্মেসংশোধনপূর্বক কৌশলপত্রটি অনুমোদন করা হলো।

(ঘ) কারাগারের বন্দীদের দক্ষতা উন্নয়ন, আয়বর্ধনমূলক কার্যক্রম সমন্বয় করার জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

(ঙ) ইন্ডাস্ট্রি স্কিলস কাউন্সিল গঠনের অগ্রগতি সন্তোষজনক মর্মেগৃহীত হয়।

(চ) জাহাজ নির্মাণ আইএসসি ও পাট শিল্প আইএসসি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

(ছ) এনএসডিসি কর্মপরিকল্পনা (প্রথম পর্যায়) সন্তোষজনক মর্মে গৃহীত হয়।

(জ) এনএসডিসি কর্মপরিকল্পনা (দ্বিতীয় পর্যায়) প্রণয়নের ক্ষেত্রে স্বল্প মেয়াদী ও দীর্ঘ মেয়াদী কর্মপরিকল্পনা বিস্তারিত আকারে ইসিএনএসডিসিতে উপস্থাপন করতঃ অনুমোদন গ্রহণ করে কার্যক্রম শুরু করতে হবে। পরবর্তীতে এনএসডিসি'র ভূতাপেক্ষ অনুমোদন গ্রহণ করতে হবে।

(ঝ) এনএসডিসি সচিবালয়ের স্ট্যাটাস নির্ধারণের পর লোগো এর বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে।

(ঞ) ওয়ার্ল্ড স্কিলস্ প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে ওয়ার্ল্ড স্কিলের সদস্য পদ গ্রহণের বিস্তারিত উল্লেখপূর্বক মাননীয় প্রধানমন্ত্রীর বরাবরে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় সারসংক্ষেপ প্রেরণ করবে।

৫. উন্নয়ন সহযোগীদের সাথে সভা

৫.১ স্কিলস ডেভেলপমেন্ট ওয়ার্কিং গ্রুপ

২০ মার্চ ২০১৭ তারিখে বিকাল ৩.০০টায়এনএসডিসি সচিবালয়ের সম্মেলন কক্ষে Skill Development Working Group (SDWG)এর ৯ম সভাঅনুষ্ঠিত হয়। উক্ত সভায় যৌথভাবে সভাপতিত্ব করেন এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব এবিএম খোরশেদ আলম এবং আইএলও এর কান্ট্রি ডিরেক্টর জনাব শ্রীনিবাস রেড্ডি।সভায়SEIP, World Bank, KOICA, GIZ, BSEP, SUDOKHOO ইত্যাদি প্রকল্পসমূহেরপ্রতিনিধিগণ দক্ষতা উন্নয়নে তাদের স্ব স্ব অগ্রগতি উপস্থিত সকলের নিকট তুলে ধরেন। সভায় এনএসডিসি সচিবালয় কর্তৃক বিভিন্ন কার্যক্রম তুলে ধরা হয়। উন্নয়ন সহযোগিরা দক্ষতা উন্নয়ন বিষয়ক বিভিন্ন কার্যক্রমের সর্বশেষ অগ্রগতি ও তথ্য উপাত্ত নিয়মিত উন্নয়ন সহযোগিদের অবহিত করার অনুরোধ করেন।

৫.২ আইএলও এর প্রতিনিধিদের সাথে সভা

১৮ জানুয়ারি ২০১৭ তারিখে সকাল ১০.০০টায় এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার সাথে তার অফিসকক্ষে ILOএর প্রতিনিধিজনাব মানস ভট্টাচার্য এবং জনাব হরিপদ দাস সাক্ষাৎ করেন। ILOএর কারিগরি ও আর্থিক সহায়তায় সমাপ্ত এনএসডিসি সচিবালয়ের বিভিন্ন প্রকল্পের চূড়ান্ত রিপোর্ট এবং ভবিষ্যত কর্মপরিকল্পনা নিয়ে আলোচনা করেন। ১৪ মার্চ ২০১৭ তারিখে এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার অফিসকক্ষে আইএলও থেকে আগত জনাব কিশোর কুমার সিং, স্পেশালিস্ট; জনাব মানস ভট্টাচার্য, জনাব হরিপদ দাস প্রমূখের সাথে অত্র প্রতিষ্ঠানের সিইও জনাব এ বি এম খোরশেদ আলম এবং উপপরিচালক জনাব মোঃ কামরুজ্জামানের সাথে সভা অনুষ্ঠিত হয়। আইএলও'র অর্থায়নে পরিচালিত স্কিলস্ ২১-এর প্রকল্পের কার্যক্রম সম্পর্কে এবং আইএলও-এ এনএসডিসি গৃহীত পূর্ববর্তী প্রকল্পসমূহের বাস্তবায়নের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়।

৫.৩ KOICAপ্রতিনিধিদের সাথে সভা

২৭ অক্টোবর ২০১৬ তারিখে সকাল ১১.৩০টায় এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার সভাপতিত্বে KOICAথেকে আগত প্রতিনিধিদের নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। অদূর ভবিষ্যতে এনএসডিসি সচিবালয় যে লেবার মার্কেট সার্ভে, সেক্টরভিত্তিকগবেষণা পরিচালনা করবে তাতে সহযোগিতা প্রদানের জন্য জনাব কিম শিক ইয়ং, এডুকেশন স্পেশিয়ালিস্ট ও তার দল আগ্রহ প্রকাশ করেন।

৫.৪সুইজ ডেভেলপমেন্ট কো-অপারেশনপ্রতিনিধিদের সাথে সভা

১৮ জানুয়ারি ২০১৭ তারিখে বিকাল ৩.০০টায় এনএসডিসি সচিবালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তার সাথে তার অফিসকক্ষে SDCএর প্রতিনিধিজনাব যোয়াদুল করিম খান, এনএসডিসি সচিবালয়ের পরিচালক (যুগ্মসচিব) জনাব মোহাম্মদ রেজাউল করিম এবং উপপরিচালক জনাব মোঃ কামরুজ্জামানের এক সভা অনুষ্ঠিত হয়। SDCএর প্রকল্পসমূহের চলমান কার্যকলাপ নিয়ে এবং দক্ষতা উন্নয়নের সাথে সংশ্লিষ্ট পলিসিসমূহের উন্নয়ন নিয়ে এ সভায় আলোচনা হয়।

৫.৫ ইউএনএফপিএ প্রতিনিধিদের সাথে সভা

